# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Chaitra 09, 1430 Bangla, March 23, 2024, Saturday, No. 83, 54th year

# H I G H L I G H T S

AL GS Obaidul Quader has termed BNP's support to boycott India movement as madness and unrealistic actions to destroy relations with neighboring country India. (Jago FM: 14)

Foreign Minister says, "Two people from BNP are holding frequent press conferences. They lined up with government before elections. If you talk too much, there are many records, I will expose them." (Jago FM: 15)

BNP SG says, "Unusual increase in prices of daily commodities has led to a dire crisis in public life. People are living in extreme anxiety due to violence and power of rulers. (Jago FM: 15)

Many houses are occupied by the influential in different parts of BD, including Dhaka. Many are posing as legitimate owners by creating fake documents. Some houses are not being freed despite court orders. (DW: 9)

BGB DG Major General Ashrafuzzaman Siddiqui says, if Integrated Check Post (ICP) is opened, the economy of BD and India will prosper; both countries will be benefited. (VOA: 07)

The Information Commission has summoned Nakla UNO Sadia Ummul Banin of Sherpur to explain the complaint of non-cooperation with the journalist seeking information. (DW: 11)

RAB has arrested 9 people including the office assistant of Shohoj.com, a company responsible for selling tickets, on allegations of ticket black marketing. (R. Today: 12)

Road accident and public transport expert D. Mohammad Hadiuzzaman says, BRTA is giving fitness certificate to unfit bus and with that certificate they are going on road by 'managing' other concerned. (BBC: 03)

UNHCR and IOM fear that many people might loss their lives as a boat carrying Rohingya refugees sank off the coast of Meulabah in western Aceh province, Indonesia. (VOA: 07)

BD civil society urges govt to determine natural geographical location of rivers and preserve information of water bodies through digital databases and to stop river encroachment and trade with the river sand. (Jago FM: 15)

Two paintings by famous artist Zainul Abedin were sold at record prices at an auction in New York recently. Among them, the 'Santal Dampatti' painting was sold for 381 thousand US dollars. (BBC: 05)

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**চৈত্র ০৯, বাংলা ১৪৩০, মার্চ ২৩, ২০২৪, শনিবার, নং- ৮৩, ৫৪তম বছর**

# শিরোনাম

প্রতিবেশী রাষ্ট্র ভারতের সঙ্গে সম্পর্ক নষ্টের চেষ্টাকে বিএনপির পাগলামি আর অবাস্তব কর্মকাণ্ড বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। (জাগো এফএম: ১৪)

বিএনপি নেতাদের উদ্দেশ্যে পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন, 'বিএনপির দুই-একজন ঘনঘন প্রেস কনফারেন্স করছে। তারা নির্বাচনের আগে সরকারের সঙ্গে লাইন দিয়েছিল। বেশি কথা বললে অনেক কিছু রেকর্ড আছে, সেগুলো ফাঁস করে দেবো।' (জাগো এফএম: ১৫)

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, 'নিত্যপণ্যের অস্বাভাবিক মূল্যবৃদ্ধিতে জনজীবনে নেমে এসেছে দুর্বিষহ সংকট। ক্ষমতাসীনদের দৌরাত্ম্য এবং দাপটে মানুষ চরম উৎকণ্ঠার মধ্যে দিন কাটাচ্ছে। তাই সব অপকর্মকে আড়াল করতেই ডামি সরকার নতুন করে জুলুমের মাত্রা বাড়িয়েছে।' (জাগো এফএম: ১৫)

রাজধানীসহ বাংলাদেশের বিভিন্ন স্থানে বহু বাড়ি এখনও প্রভাবশালীদের দখলে। অনেকেই ভুয়া কাগজপত্র তৈরি করে বৈধ মালিক সেজে বসে আছেন। কিছু বাড়ি আদালতের নির্দেশ সত্ত্বেও দখলমুক্ত হচ্ছে না। (ডয়চে ভেলে: ৯)

বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) মহাপরিচালক মেজর জেনারেল আশরাফুজ্জামান সিদ্দিকী বলেছেন, সমন্বিত চেকপোস্ট (আইসিপি) চালু হলে বাংলাদেশ ও ভারতের অর্থনীতি সমৃদ্ধ হবে; উভয় দেশ লাভবান হবে। (ভোয়া: ০৭)

তথ্য চাওয়া সাংবাদিককে অসহযোগিতা করার অভিযোগের ব্যাখ্যা দিতে শেরপুরের নকলা উপজেলা নির্বাহী কর্মকর্তা সাদিয়া উম্মুল বানিনকে তলব করেছে তথ্য কমিশন। (ডয়চে ভেলে: ১১)

কালোবাজারির অভিযোগে টিকিট বিক্রির দায়িত্বপ্রাপ্ত কোম্পানি সহজ ডটকমের অফিস সহকারীসহ ৯ জনকে গ্রেপ্তার করেছে র‍্যাব। (রে. টুডে: ১২)

সড়ক দুর্ঘটনা ও গণপরিবহন বিষয়ক বিশেষজ্ঞ ড. মোহাম্মদ হাদীউজ্জামান বলছেন, লক্করঝক্কর বাসকে ফিটনেস সনদ দিচ্ছে সরকারি প্রতিষ্ঠান বিআরটিএ আর সেই ফিটনেস সনদ নিয়ে এরা রাস্তায় নামছে সংশ্লিষ্ট অন্যদের 'নানাভাবে ম্যানেজ' করে। (বিবিসি: ০৩)

ইন্দোনেশিয়ার পশ্চিম আচেহ প্রদেশের মিউলাবহ উপকূলে রোহিঙ্গা শরণার্থীদের বহনকারী নৌকা ডুবিতে বহুসংখ্যক প্রাণহানির আশঙ্কা করছে জাতিসংঘ শরণার্থী বিষয়ক সংস্থা ইউএনএইচসিআর এবং জাতিসংঘ অভিবাসন সংস্থা আইওএম। (ভোয়া: ০৭)

সাধারণ নাগরিক সমাজ ডিজিটাল ডাটাবেজ তৈরির মাধ্যমে নদী ও জলাশয়ের প্রকৃতিগত ভৌগোলিক অবস্থান নির্ণয় করে তা রক্ষার জন্য বিশেষ নির্দেশনা ঘোষণা এবং নদী দখল এবং নদীর বালু নিয়ে যে বাণিজ্য শুরু হয়েছে তা কঠোর হস্তক্ষেপে দমন করতে সরকারের প্রতি আহ্বান জানিয়েছে। (জাগো এফএম: ১৫)

সম্প্রতি নিউইয়র্কে এক নিলামে শিল্পাচার্য জয়নুল আবেদিনের দুইটি পেইন্টিং বা চিত্রকর্ম রেকর্ড দামে বিক্রি হয়েছে। এর মধ্যে 'সাঁওতাল দম্পতি' চিত্রকর্মটি তিন লাখ ৮১ হাজার মার্কিন ডলারে বিক্রি হয়েছে। (বিবিসি: ০৫)

# বিবিসি

## ঢাকার ভাঙাচোরা বাস ঠিক করার দায়িত্ব তাহলে কার?

বাংলাদেশের রাজধানী ঢাকার সড়কে প্রায়ই চোখে পড়ে লক্করঝক্কর বাস। মাঝেমধ্যেই নানা দুর্ঘটনার জন্ম দিয়ে আলোচনায় আসা এই বাসগুলোর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দায়িত্ব আসলে কার সে প্রশ্নই এখন উঠছে জোরেশোরে। এই লক্করঝক্কর বাসের বিষয়ে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বুধবার ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ের একটি র‍্যাম্প খুলে দেওয়া উপলক্ষে এক অনুষ্ঠানে বলেছিলেন, "বারবারই বলা হলেও বাসের চেহারা বদলাচ্ছে না। সরকারের গাফিলতির কী আছে? আমি মন্ত্রী কি নিজে গিয়ে বাস রং করব?" এর আগে গত কয়েকদিন ধরেই সামাজিক মাধ্যমে ঢাকার রাস্তায় চলাচল করছে এমন কিছু ভাঙ্গাচোরা গাড়ির ছবি নিয়ে ব্যাপক আলোচনা হচ্ছিল। সে প্রেক্ষাপটেই সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ মন্তব্য করেছিলেন। "আমি মন্ত্রী কি নিজে গিয়ে বাস রং করব", তার এ মন্তব্য নিয়েও নানা ধরনের আলোচনা হচ্ছে সামাজিক মাধ্যমে। পরে বৃহস্পতিবারও এক সভায় লক্করঝক্কর বাসের প্রসঙ্গ তুলে ফিটনেসবিহীন বাস সড়কে না চালানোর জন্য বাস মালিকদের অনুরোধ জানিয়েছেন তিনি। "ঢাকায় চলাচল করা লক্কড়ঝক্কড় গাড়িগুলো বাংলাদেশের উন্নয়নকে প্রশ্নবিদ্ধ করে। যখন বিদেশিরা বাংলাদেশে আসে এবং আমাদের লক্করঝক্কর গাড়ি দেখে, তখন আমাদের খুব লজ্জা হয়। এগুলো প্রধানমন্ত্রী শেখ হাসিনার উন্নয়নকে প্রশ্নবিদ্ধ করে। পরিবহন মালিকদের এদিকে নজর দিতে হবে," বলেন মি কাদের।

মি. কাদের আরও বলেছেন যে তাকে পরিবহন মালিক সমিতির পক্ষ থেকে বলা হয়েছে যে ঢাকার বাইরে থেকে ফিটনেসবিহীন গাড়ি ঢাকায় ঢোকে। "আমি তো বলব বাইরে থেকে সিটিতে লক্কড়ঝক্কড় গাড়ি কম আসে। বরং সিটিতেই অনেক লক্কড়ঝক্কড় গাড়ির কারখানা আছে। আমি সেগুলো নিজের চোখে গিয়ে দেখেছি। ঈদের আগে সেগুলোতে রং লাগাতে দেখেছি, যে রং আবার ১০ দিনও থাকে না," বলছিলেন তিনি। তবে মন্ত্রী তার বক্তৃতায় নিজেই বিআরটিএ-র সক্ষমতা নিয়ে প্রশ্ন তুলেছেন। যদিও বিআরটিএ বলছে তারা লক্করঝক্কর বাসের বিরুদ্ধ প্রতিদিনই অভিযান চালাচ্ছে। কিন্তু এসব বাস কীভাবে ফিটনেস সনদ পায় সে প্রশ্নের উত্তর নেই তাদের কাছেও। বিশেষজ্ঞরা এবং বাস মালিক সমিতির নেতারাও বলছেন বাসের রং করার দায়িত্ব মন্ত্রীর না হলেও, রাস্তায় আনফিট বাস চলাচল বন্ধ করার দায়িত্ব সরকারেরই।

সড়ক দুর্ঘটনা ও গণপরিবহন বিষয়ক বিশেষজ্ঞ ও বুয়েটের অধ্যাপক ড. মোহাম্মদ হাদীউজ্জামান বলছেন লক্করঝক্কর বাসকে ফিটনেস সনদ দিচ্ছে সরকারি প্রতিষ্ঠান বিআরটিএ আর সেই ফিটনেস সনদ নিয়ে এরা রাস্তায় নামছে সংশ্লিষ্ট অন্যদের 'নানাভাবে ম্যানেজ' করে। "সড়কে নৈরাজ্য, বিশৃঙ্খলা আর বায়ুদূষণের জন্য এ ভাঙ্গাচোরা বাসগুলোই দায়ী। অনেক বাস এতোই ভাঙ্গাচোরা যে দেখতেই খারাপ লাগে। অথচ এদের বিরুদ্ধে কেউ কোনও ব্যবস্থা নেয় না। এর দায়িত্ব সরকারি প্রতিষ্ঠানগুলোরই, যার মধ্যে বিআরটিএ গুরুত্বপূর্ণ। এটি তো মন্ত্রীরই অধীনে," বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। মি. হাদীউজ্জামান বলছেন মেট্রোরেল বা এলিভেটেড এক্সপ্রেসওয়ের মতো বড় অবকাঠামোতে সরকার যতটা যত্নশীল ঢাকার সড়ক ব্যবস্থাপনায় তা দেখা যায় না বলেই কেউ আইন মানে না। "এখানে বাস মালিকদের অনুনয় বিনয়ের সুযোগ নেই। সরকার নিয়ম বা আইন করবে এবং সংশ্লিষ্টদের সেটি মেনেই বাস চালাতে হবে। এই বাস দেখার দায়িত্ব সরকারের," বলেন তিনি। মূলত সরকারের দুটি প্রতিষ্ঠান ঢাকার সড়কে যানবাহন চলাচলের সাথে সরাসরি সম্পৃক্ত। একটি হলো বিআরটিএ আর অন্যটি হল পুলিশের ট্রাফিক বিভাগ। এর মধ্যে বিআরটিএ ফিটনেস সনদ ও রুট পারমিট দেওয়ার মতো গুরুত্বপূর্ণ কাজটি করে থাকে। একটি বাসের বত্রিশটি বিষয় পর্যবেক্ষণের পর তাদের ফিটনেস সনদ দেওয়ার কথা থাকলেও ভাঙ্গাচোরা বাসগুলো কীভাবে এই সার্টিফিকেট পায়, তা নিয়ে সমালোচনা হচ্ছে বহু বছর ধরেই। আবার রাস্তায় নামার পর ট্রাফিক বিভাগের সংশ্লিষ্টদের ভাঙ্গাচোরা বা ফিটনেসহীন বাস জব্দ করার কথা থাকলেও সেটি খুব একটা দেখা যায় না। বরং ট্রাফিক পুলিশের সামনে দিয়েই লক্কড়ঝক্কর বাসগুলো রাস্তা আটকে যাত্রী তুলছে, এমন চিত্রও প্রতিনিয়ত দেখা যায়। ট্রাফিক বিভাগ বলছে অনুপযোগী বা আনফিট যানবাহন রাস্তায় দেখলেই আইন অনুযায়ী ব্যবস্থা নিচ্ছে তারা। কিন্তু তারপরেও এগুলো রাস্তায় কীভাবে, সেটি তাদেরও জানা নেই। যদিও অভিযোগ আছে মোটর সাইকেল বা প্রাইভেট কার ধরার বিষয়ে পুলিশের মধ্যে যতটা উৎসাহ কাজ করে, ভাঙাচোরা বাসের বিষয়ে তা দেখা যায় না।

ঢাকা সড়ক পরিবহন মালিক সমিতির কার্যকরী সভাপতি আবুল কালাম বলছেন ঢাকায় যত বাস চলাচল করে তার মধ্যে মাত্র ১৫-২০ শতাংশের অবস্থা খারাপ। "মাননীয় মন্ত্রী যে কথা বলেছেন সেটা ঠিক। এটা তার একার কাজ না। মালিক, শ্রমিক, সমিতি, যাত্রী, বিআরটিএ ও আইন প্রয়োগকারী সংস্থা সবাই মিলে কাজ না করলে লক্করঝক্কর বাস ও বাসের নৈরাজ্যের অবসান হবে না," বলেন তিনি। কিন্তু মালিকরা কেন ভাঙ্গাচোরা বাস রাস্তায় নামাচ্ছে এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, "কোনও গাড়ি এক দিনে লক্করঝক্কর হয় না। এগুলো যাদের ধরার কথা ধরে না কেন? এ সময় যারা ফিটনেস দিল, দায় তো তাদের।" অর্থাৎ বাস মালিকরাও অনেকে মনে করেন কিছু মালিক যে লক্করঝক্কর বাস চালানোর সুযোগ পাচ্ছে সেটি পাচ্ছে বিআরটিএ-র কারণেই। "কোনও গাড়ি দশ বছরে ফিটনেস সনদ নেয় না। সরকারকে ট্যাক্স দেয় না। রুট পারমিট নাই। কিন্তু তারাও তো রাস্তায় চলছে। কীভাবে চলছে? কারা তাদের চলতে

দিচ্ছে? এখানে বৈধভাবে চলতে গেলে রাস্তায় প্রতিদিন মামলা খেতে হয়," একজন বাস মালিক বলছিলেন। তবে তিনি তার নাম প্রকাশ না করার অনুরোধ করেছেন।

আবুল কালাম বলছেন, "আইন প্রয়োগের দায়িত্ব যাদের তারা ভাঙা বাস জব্দ করে না কেন? তারা তো জব্দ করে বিআরটিএ-কে জানানোর কথা। বিআরটিএ এগুলো চলতে না দিলে তারা চলে কীভাবে?" বিআরটিএ'র মুখপাত্র মাহবুব ই রাব্বানী বলছেন বিআরটিএ মোবাইল কোর্ট সহ নানা ধরনের অভিযান পরিচালনা করছে এবং প্রতিদিনই আনফিট যানবাহনকে জরিমানা করা হচ্ছে। "কিন্তু সবাই মিলে আইনকে শ্রদ্ধা না করলে এ সমস্যার সমাধান কীভাবে হবে?" বলছিলেন তিনি। কিন্তু আনফিট বা লক্করঝক্কর যানবাহন ফিটনেস সনদ পায় কীভাবে, সে প্রশ্নের কোনো সদুত্তর তার কাছে পাওয়া যায়নি। (বিবিসি ওয়েব পেজ:২২.০৩.২০২৪ রিহাব)

## এমভি আবদুল্লাহ'র কাছাকাছি যুদ্ধজাহাজের উপস্থিতি কোনো সুবিধা দেবে?

ভারত মহাসাগরে সোমালি জলদস্যুদের হাতে জিম্মি এমভি আব্দুল্লাহকে নজরদারিতে রাখতে ইউরোপিয়ান যুদ্ধজাহাজ মোতায়েনের খবরে কোনো উদ্ধার অভিযান পরিচালনা করা হবে কি না এমন প্রশ্নের উত্তর খুঁজেছে বাংলাদেশি গণমাধ্যমগুলো। অভিযান পরিচালনা না হলেও যুদ্ধজাহাজ মোতায়েন পরিস্থিতি উত্তরণে প্রভাব রাখতে পারে বলে মনে করা হচ্ছে। ইইউ নেভাল ফোর্সের তরফেও কেবল অবস্থান নেয়ার কথাই জানানো হয়েছে, অভিযানের বিষয়ে কোনো কিছু জানায়নি তারা। জাহাজের মালিকপক্ষ বলেছে, কোনো অবস্থাতেই তারা সশস্ত্র অভিযানের পক্ষে নন। তবে, ওই উপকূলে যুদ্ধজাহাজ মোতায়েন এই পরিস্থিতিতে কিছু ভূমিকা রাখতে পারে বলে মনে করেন মার্চেন্ট মেরিন অফিসার্স অ্যাসোসিয়েশনের সভাপতি ক্যাপ্টেন আনাম চৌধুরী। উত্তর পশ্চিম ভারত মহাসাগরের নিরাপত্তায় ইউরোপিয়ান নৌবাহিনী পরিচালিত কার্যক্রমের সংক্ষিপ্ত নাম 'ইইউ ন্যাভ ফর আটালান্টা'। বাংলাদেশ সময় বৃহস্পতিবার রাতে সামাজিক যোগাযোগ মাধ্যম এক্স-এ এক পোস্টে বাহিনীটি এমভি আব্দুল্লাহর কাছে তাদের অবস্থানের তিনটি ছবি ও একটি ভিডিও প্রকাশ করে। ইইউ নেভাল ফোর্সের সদস্যদের নজরদারির পাশাপাশি ওই আকাশসীমায় তাদের হেলিকপ্টারও টহল দিতে দেখা যায় ভিডিওতে। এমন অবস্থান জিম্মি মুক্তিতে প্রভাব রাখতে পারে বলে বিবিসি বাংলাকে জানান মেরিন অফিসার্স অ্যাসোসিয়েশনের সভাপতি আনাম চৌধুরী। প্রথমত, এত কাছে ইউরোপিয়ান বাহিনীর মতো শক্তিশালী সামরিক উপস্থিতি দস্যুদের ওপর একটা চাপ তৈরি করবে। যা সমঝোতার প্রক্রিয়াকে ত্বরান্বিত করতে পারে বলে মনে করেন তিনি। দ্বিতীয়ত, পূর্ব আফ্রিকার ওই উপকূল থেকে নতুন কোনো দস্যুদল সাগরে প্রবেশ করতে পারবে না। ফলে, দস্যুদের তৎপরতা কমে আসবে। গত দু'দিনে আরো দুটি সম্ভাব্য দস্যুতার ঘটনা লিপিবদ্ধ করেছে 'ইউ ন্যাভ ফর'। দুটি জাহাজই লাইবেরিয়ার পতাকাবাহী। এ নিয়ে গত নভেম্বরের শেষ সপ্তাহ থেকে গতকাল ২১শে মার্চ পর্যন্ত ২৪টি জাহাজ এমন পরিস্থিতিতে পড়েছে বলে জানাচ্ছে সংস্থাটি। যার মধ্যে ১২টিকে মুক্ত করা সম্ভব হয়েছে।

বুধবার সেহরির পর পর ছেলের ফোন পান শাহনুর বেগম। তার ছেলে এমভি আব্দুল্লাহর চিফ অফিসার আতিকুল্লাহ খান। বিবিসি বাংলাকে মিজ বেগম জানালেন, কতটা দুঃসহ দিন পার করছেন তার ছেলেসহ অন্য নাবিকরা। "ঠিকমত পানি দেয় না, খাবার দেয় না। হয়তো একবেলা ইফতার করলো, আরেক বেলা খাবার নেই।" ডাকাতরা নয়-দশদিনে প্রায় সব খাবার শেষ করে ফেলেছে বলে ছেলের কাছে শুনেছেন তিনি। জিম্মি থাকা ইঞ্জিন ক্যাডেট আইয়ুব খানের সাথে তার বড় ভাই ওমর ফারুকের সর্বশেষ কথা হয় এই সপ্তাহের শুরুতে। মি. ফারুক মঙ্গলবার বিবিসি বাংলাকে জানান, জলদস্যুরা প্রতিদিন খাবার নষ্ট করছে। এ অবস্থা চলতে থাকলে খুব অল্প সময়ের মধ্যেই বড় সংকটে পড়তে হবে তাদের। তার ওপর, দস্যুদের সংস্পর্শ এবং অপরিচ্ছন্ন অবস্থায় থাকতে হচ্ছে বলে অ্যালার্জি সমস্যা দেখা দিয়েছে। এর আগে ভারতীয় নৌবাহিনীর একটি জাহাজ এমভি আবদুল্লাহকে অনুসরণ করেছিলো। আতিকুল্লাহ খান জানিয়েছেন, সেই সময় থেকে তাদের কেবিনের পরিবর্তে এমনকি ঘুমের সময়েও ব্রিজেই (জাহাজ চালনোর কক্ষ) অবস্থান করতে হচ্ছে। শাহনুর বেগম উল্লেখ করেন, তিন নাতনি বলছে, বাবা কথা দিয়েছে তাদের সাথে ঈদ করতে আসবে। ঈদের আগেই ছেলের ফিরে আসার অপেক্ষায় তিনি। দ্রুত নাবিকদের ফিরিয়ে আনতে চায় জাহাজের মালিক পক্ষও।

কবির গ্রুপের মিডিয়া উপদেষ্টা মিজানুল ইসলাম বিবিসি বাংলাকে বলেন, জলদস্যুরা যোগাযোগের পর প্রাথমিক পর্যায়ের আলাপ শুরু করেছেন তারা। আনুষ্ঠানিক আলোচনা সময়সাপেক্ষ ব্যাপার বলেও মন্তব্য করেন তিনি। "আমরা কোনোভাবেই সশস্ত্র অভিযানের পক্ষে নই। নাবিকদের জীবন সংশয়ে পড়বে এমন কোনো কিছুর প্রতি আমাদের সমর্থন নাই," যোগ করেন মি. ইসলাম। তিনি জানান, বাংলাদেশ সরকারের মাধ্যমেও আন্তর্জাতিক পক্ষগুলোকে একই বার্তা পৌঁছে দেয়া হয়েছে। জিম্মি করার আট দিন পর বুধবার দুপুরে প্রথমবারের মতো এমভি আব্দুল্লাহ'র মালিকপক্ষ কবির গ্রুপের সাথে যোগাযোগ করে সোমালি জলদস্যুরা। জাহাজটি ইতোমধ্যে বেশ কয়েকবার হাতবদল করা হয়েছে। মালিকপক্ষের ধারণা, এখন অপহরণের মূল হোতাদের দখলে রয়েছে জাহাজটি।

মিজানুল ইসলাম বলেন, "শুরুতে যারা অপহরণ করেছিল তারা ছিল মূলত ভাড়াটে। এখন মূল পক্ষের সাথে আমাদের যোগাযোগ হচ্ছে।" তবে নাবিকদের নিরাপত্তার স্বার্থে দস্যুদের সাথে আলোচনার ব্যাপারে বিস্তারিত প্রকাশ করেনি মালিকপক্ষ। গত ১২ই মার্চ ভারত মহাসাগর থেকে ২৩ জন নাবিকসহ এমভি আবদুল্লাহ জাহাজটির নিয়ন্ত্রণ নিয়ে নেয় সোমালি জলদস্যুরা। এরপর থেকেই জলদস্যুদের সাথে যোগাযোগ স্থাপনের চেষ্টা করে আসছিলো জাহাজটির

মালিকপক্ষ। এ লক্ষ্যে তারা মধ্যস্থতাকারী হিসেবে তৃতীয় একটি পক্ষের সহায়তাও নিচ্ছিলো। মূলত সেই মধ্যস্থতাকারীদের মাধ্যমেই দস্যুরা জাহাজের মালিকপক্ষের সাথে যোগাযোগ করেছে বলে জানিয়েছেন মি. ইসলাম। এমভি আব্দুল্লাহ জলদস্যুদের কবলে পড়ার পর থেকে সোমালিয়া উপকূলে প্রবেশের আগ পর্যন্ত অনুসরণ করে আসছিলো ভারতীয় নৌবাহিনীর একটি যুদ্ধ জাহাজ। গত শুক্রবার বিকেলে ভারতীয় নৌবাহিনীর এক্স অ্যাকাউন্ট থেকে প্রকাশিত ছবিতে দেখা যায় এমভি আব্দুল্লাহ জাহাজে চারজন অস্ত্রসহ টহল দিচ্ছে। তাদের সবার অবস্থানই ছিল জাহাজের মাস্টার কেবিনের ছাদে। ভারতীয় নৌবাহিনী জানায়, গত ১২ মার্চ এমভি আব্দুল্লাহ থেকে সাহায্যের সিগন্যাল পেয়ে তারা একটি মেরিটাইম পেট্রোল এয়ারক্র্যাফ্ট-এলআরএমপি পাঠিয়েছিলো। কিন্তু ভারতীয় বিমানটি পরে আর এমভি আব্দুল্লাহর সাথে কোনো ধরনের যোগাযোগ করতে পারেনি। পরবর্তীতে ভারতীয় নৌবাহিনী একটি যুদ্ধ জাহাজ মোতায়েন করে। এই জাহাজটি পরের কয়েকদিন এমভি আব্দুল্লাহকে নজরদারি করে।

ক্যাপ্টেন আনাম চৌধুরী বিবিসি বাংলাকে বলেন, "ওরা লং রেঞ্জ সার্ভিলেন্সের জন্য হেলিকপ্টার পাঠিয়ে ছবিটি নিয়েছে। কোনো দেশের জলসীমায় এ ধরনের ঘটনা ঘটলে সে দেশের নৌবাহিনী এসেসমেন্টের জন্য ফ্লাইট পাঠিয়ে এমন ছবি নিয়ে থাকে"। কোনো দেশের দস্যুরা নিজস্ব জলসীমায় ঢুকে গেলে ৯৯ শতাংশ ক্ষেত্রেই, সশস্ত্র পদক্ষেপ ভালো ফল বয়ে আনে না বলে অভিমত তার। নিজ দেশের উপকূলে থাকে বলে জলদস্যুরা 'লজিস্টিক সাপোর্ট'ও বেশি পেয়ে থাকে। এর আগে সোমালিয়ার স্বায়ত্তশাসিত পান্টল্যান্ড অঞ্চলের পুলিশে বরাত দিয়ে বার্তা সংস্থা রয়টার্স জানিয়েছিল, সোমালি পুলিশ এবং আন্তর্জাতিক নৌবাহিনী অভিযানের প্রস্তুতি নিচ্ছে । ভারতীয় কমান্ডোরা জলদস্যুদের নিয়ন্ত্রণে থাকা মাল্টার পতাকাবাহী জাহাজ এমভি রুয়েনে অভিযান চালিয়ে ১৭ ক্রুকে উদ্ধারের পর এমভি আব্দুল্লাহতে অভিযানের এই পরিকল্পনা করা হয়েছিল। পান্টল্যান্ড পুলিশও জানায় তারা সতর্ক অবস্থানে রয়েছে এবং অভিযানে অংশ নিতে প্রস্তুত। এর আগে এমভি আব্দুল্লাহ ছিনতাইয়ের সাথে অভিযুক্ত দুইজনকে আটকের কথাও জানায় অঞ্চলটির পুলিশ বিভাগ। (বিবিসি ওয়েব পেজ:২২.০৩.২০২৪ রিহাব)

## নিলামে শিল্পাচার্য জয়নুল আবেদিনের পেইন্টিং সোয়া চার কোটি টাকায় বিক্রি

সম্প্রতি নিউইয়র্কে এক নিলামে শিল্পাচার্য জয়নুল আবেদিনের দুইটি পেইন্টিং বা চিত্রকর্ম রেকর্ড দামে বিক্রি হয়েছে। এর মধ্যে 'সাঁওতাল দম্পতি' চিত্রকর্মটি তিন লাখ ৮১ হাজার মার্কিন ডলারে বিক্রি হয়েছে বলে জানা যাচ্ছে। নিলামে বাংলাদেশের কোনো শিল্পীর শিল্পকর্মের জন্য এটিই সর্বোচ্চ মূল্যে বিক্রি হওয়ার রেকর্ড বলে বলছেন শিল্পবোদ্ধারা। নিলামে বিক্রি হওয়া শিল্পাচার্যের অপর চিত্রকর্মটি বসে থাকা একজন নারীর একটি তেলচিত্র। গত সপ্তাহে বিখ্যাত আর্ট নিলাম কোম্পানি সোদেবি'স নিউ ইয়র্কে 'মডার্ন অ্যান্ড কনটেম্পোরারি সাউথ এশিয়ান আর্ট' শীর্ষক এক নিলামের আয়োজন করে। মার্চের ১৮ তারিখ সেখানেই বিক্রি হয় শিল্পাচার্যের ওই দুইটি পেইন্টিং। সোদেবি'সের ওয়েবইটে দেয়া তথ্য বলছে, নিলামে 'সাঁওতাল দম্পতি' চিত্রকর্মটি বিক্রি হয়েছে তিন লাখ ৮১ হাজার ডলারে। যা বাংলাদেশি মুদ্রায় যা চার কোটি ১৭ লাখ সাড়ে ছয় হাজার টাকা। নিলামে এই ছবিটির মূল্য ধরা হয়েছিল এক লাখ থেকে দেড় লাখ মার্কিন ডলার। চিত্রকলা বিশেষজ্ঞরা বলছেন, জয়নুল আবেদিনের চিত্রকর্মগুলোর মাঝে এই দুইটি সবচেয়ে বেশি দামে বিক্রি হওয়া ছবির অন্যতম। জয়নুল আবেদিনের আঁকা 'সাঁওতাল দম্পতি' পেইন্টিংয়ে দেখা যায়, মাথায় মাথাল অর্থাৎ বাঁশ বা বেতের তৈরি এক ধরণের গ্রামীণ টুপি পরে খালি পায়ে হেঁটে যাচ্ছেন এক যুগল। ছবিটি জয়নুল আবেদিন এঁকেছিলেন ১৯৬৩ সালে। পেইন্টিং-এর ওপরে তার নাম স্বাক্ষর করা আছে। তেলরঙ দিয়ে ক্যানভাসে আঁকা এই পেইন্টিংটি প্রস্থে ১০২ এবং দৈর্ঘ্যে ১৩৫ দশমিক পাঁচ সেন্টিমিটার। সোদেবি'সের ওয়েবইটে দেয়া তথ্য বলছে, পেইন্টিংটি জামশেদ কে. মার্কার এবং ডিয়ানা জে. মার্কারের পারিবারিক সংগ্রহশালায় ছিল। পেইন্টিংটি প্রাপ্তির উৎস হিসেবে বলা আছে, ১৯৬৩ সালে সরাসরি শিল্পীর কাছ থেকে জামশেদ কে. মার্কার এবং ডিয়ানা জে. মার্কার এটি পেয়েছেন। এই দুইজনই জয়নুল আবেদিনের ঘনিষ্ঠ বন্ধু ছিলেন।

শিল্পী প্রায়ই মার্কার দম্পতির বাড়িতে যেতেন এবং সেসময় শিল্পী রশীদ চৌধুরীসহ দক্ষিণ এশিয়ার বেশ ক'জন বিখ্যাত শিল্পীকে মার্কার দম্পতির সাথে পরিচয় করিয়ে দেন। সোদেবি'স এই পেইন্টিংটির ভিত্তিমূল্য রেখেছিলো এক থেকে দেড় লাখ মার্কিন ডলার। তবে এই পেইন্টিংটি কে কিনেছেন, সে বিষয়ে সোদেবি'স এর ওয়েবসাইটে কোনও তথ্য দেয়া হয়নি। এর আগে ২০১৮ সালে নিউইয়র্কের নিলামকারী প্রতিষ্ঠান ক্রিসটিজে জয়নুল আবেদিনের সাঁওতাল সিরিজের আরেকটি চিত্রকর্ম নিলামে বাংলাদেশি মুদ্রায় দেড় কোটি টাকায় বিক্রি হয়। দ্বিতীয় পেইন্টিংয়ে একজন নারীকে এঁকেছেন শিল্পাচার্য জয়নুল আবেদিন। তাতে লাল চুড়ি হাতে এবং আকাশি নীল রঙা শাড়ি পরে একজন ক্লান্ত নারী বসে আছেন। ছবিটি ১৯৫৬ থেকে ১৯৬৩ সালের মাঝে তেলরঙ দিয়ে বোর্ডের ওপর আঁকা হয়। এর দৈর্ঘ্য ৮০ দশমিক চার সেন্টিমিটার এবং প্রস্থ ৬০ দশমিক চার সেন্টিমিটারের একটু বেশি। এটিও মার্কার দম্পতির পারিবারিক সংগ্রহে ছিল, যা গত ১৯শে মার্চ বিক্রি হয়ে যায়। সোদেবি'স এর ওয়েবসাইট থেকে জানা যায়, এই পেইন্টিংটির দাম রাখা হয়েছিলো ৮০ হাজার থেকে এক লাখ ২০ হাজার মার্কিন ডলার। বাংলাদেশি মুদ্রায় যা ৮৮ লাখ থেকে এক কোটি ৩২ লাখ টাকা। কিন্তু শেষ পর্যন্ত এটিও তিনগুণেরও বেশি মূল্যে বিক্রি হয়েছে। অর্থাৎ, এর দাম উঠেছে দুই লাখ ৭৯ হাজার ৪০০ মার্কিন ডলার বা তিন কোটি ছয় লাখ টাকারও কিছু বেশি। এই চিত্রকর্মটিরও ক্রেতা কে বা কারা, সে সম্পর্কেও

সোদেবি'স কিছু জানায়নি। শিল্পবোদ্ধাদের মতে, যেকোনও ছবি আসল হলে এমন বেশি দামে বিক্রি হওয়ার ঘটনা 'খুবই সাধারণ'।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের অধ্যাপক নিসার হোসেন বিবিসিকে বলেছেন, তার জানামতে এর আগে বাংলাদেশি কোনও শিল্পীর আঁকা পেইন্টিং এত দামে বিক্রি হয়নি। "আমার জানা মতে নেই...বাংলাদেশের আর্টিস্টের নেই। বিশেষ করে, তিন লক্ষ ৮১ হাজার ডলার হাইয়েস্ট এখন পর্যন্ত। তবে (আমার) অজানা আরও থাকতে পারে।"

সোদেবি'র এই নিলাম বেশ সুপরিচিত জানিয়ে অধ্যাপক হোসেন বলেছেন, "উপমহাদেশের অনেক ছবিই (নিলামে) গেছে। আরও অনেকের ছবি বিক্রি হয়েছে। এটা খুব কমন। প্রতিমাসেই কিছু না কিছু বিক্রি হতে থাকে।"

চিত্রক গ্যালারির নির্বাহী পরিচালক মো. মনিরুজ্জামান বিবিসিকে বলেছেন, "জয়নুল আবেদিন স্যারের আঁকা পেইন্টিং...এগুলো অমূল্য। তাই, অরিজিনাল হলে এমন দাম হতেই পারে। জয়নুল আবেদিন, শফিউদ্দিন, কামরুল কিংবা এস এম সুলতান -এ যারা আছেন, তাদের ছবির দাম ওই রকম হতে পারে।" তবে "পেইন্টিং-এর দাম সাইজ ও সাবজেক্টের ওপর নির্ভর করে" বলেও তিনি উল্লেখ করেন। এই শিল্পী বলেছেন, "দুই কোটি, আড়াই কোটি টাকায় পেইন্টিং বিক্রি হয়। যেমন, রফিকুন নবী (বাংলাদেশের চিত্রকর) বড় একটি ছবি সম্প্রতি ৬৫ লাখ টাকায় বিক্রি হয়েছে।" তবে তিনিও জানান যে,"তিন কোটি বা বিশেষ করে চার কোটি টাকার কাছাকাছি দামে এর আগে 'সম্ভবত' কারও চিত্রকর্ম বা পেইন্টিং বিক্রি হয়নি। "জয়নুল আবেদিনকে বাংলাদেশে আধুনিক শিল্প আন্দোলনের পুরোধা হিসেবে বিবেচনা করা হয়। কারণ, কয়েক দশক আগেও চিত্রশিল্পের প্রাতিষ্ঠানিক বা পেশাভিত্তিক কোনও ঐতিহ্য ছিল না। কিন্তু তিনি তার নেতৃত্ব ও মেধা দিয়ে বাংলাদেশে আধুনিক শিল্পকলার ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। তার সবচেয়ে বড় উদাহরণ, ১৯৪৮ সালে ঢাকায় তার প্রতিষ্ঠা করা 'ইনস্টিটিউট অব আর্টস অ্যান্ড ক্র্যাফ্টস' প্রতিষ্ঠা করেছিলেন। বর্তমানে যেটিকে আমরা 'চারুকলা ইনস্টিটিউট' হিসেবে জানি।

শিল্পী এবং শিল্পবোদ্ধারা বলছেন, একদিকে শিল্পী হিসেবে নিজের সমস্ত চিত্রকর্মে বাংলার মাটি, জল, মানুষ, ইতিহাসকে তুলে ধরা ও অপরদিকে এদেশের চিত্রকলাকে প্রাতিষ্ঠানিক রূপ দেয়া - এসবের জন্যই তিনি শিল্পাচার্য, অর্থাৎ শিল্পের গুরু বা শিক্ষক হিসেবে ভূষিত হয়েছেন। শিল্পীর জন্ম ১৯১৪ সালে ময়মনসিংহ জেলায়, ১৯৭৬ সালে তিনি মারা যান। বাংলাদেশের জাতীয় জ্ঞানকোষ বাংলাপিডিয়া বলছে, তিনি ১৯৩৩ সালে কলকাতা সরকারি আর্ট স্কুলে ভর্তি হন এবং পাঁচ বছর সেখানে ইউরোপীয় স্টাইলের ওপর পড়াশুনা করেন। এরপর ১৯৩৮ সালে তিনি আর্ট স্কুল অনুষদে যোগ দেন এবং ১৯৩৮ সালে সর্ব ভারতীয় চিত্রকলা প্রদর্শনীতে তার আঁকা জলরঙের ছবির জন্য তিনি স্বর্ণপদক প্রাপ্ত হন। তার ছবির মূল বিষয়বস্তু ছিল ব্রহ্মপুত্র নদ, যা ছিল তার আশৈশব প্রেরণার বিষয়। এ স্বীকৃতিই তাকে প্রথমবারের মতো আলোচনার কেন্দ্রবিন্দুতে নিয়ে আসে এবং তিনি তার নিজস্ব একটি ধারা সৃষ্টির ক্ষেত্রে আত্মবিশ্বাস লাভ করেন। তিনি রং তুলির আঁচড়ে ১৯৪৩ সালের দুর্ভিক্ষের ছবি ধারাবাহিকভাবে আঁকেন। সেই সময়ে তার আঁকা চিত্রকর্মগুলো তাকে ব্যাপক খ্যাতি এনে দেয়। ইতিহাসের বিভিন্ন গুরুত্বপূর্ণ সময়ে, যেমন ১৯৬৯ সালের গণঅভ্যুত্থান, ১৯৭০ সালের প্রলয়ঙ্করী ঘূর্ণিঝড়, ১৯৭১ সালে সংঘটিত হওয়া মুক্তিযুদ্ধের সময়ে তার আঁকা ছবিগুলোও ইতিহাসের সাক্ষী হয়ে আছে।

বাংলাপিডিয়া বলছে, তার বিখ্যাত চিত্রকর্মের মাঝে উল্লেখযোগ্য হলো- 'দ্য রেবেল ক্রো' (জলরং, ১৯৫১), 'দুই মহিলা' (গোয়াশ, ১৯৫৩), 'পাইন্যার মা' (গোয়াশ, ১৯৫৩) এবং 'মহিলা' (জলরং, ১৯৫৩), ৬৫ ফুট দীর্ঘ স্ক্রল পেইন্টিং (চাইনিজ ইঙ্ক, জলরঙ ও মোম) 'নবান্ন', ৩০ ফুট দীর্ঘ 'মনপুরা' ইত্যাদি। যুদ্ধের পর ১৯৭৫ সালে জয়নুল আবেদিন সোনারগাঁও-এ একটি লোকশিল্প জাদুঘর এবং ময়মনসিংহে একটি গ্যালারি (শিল্পাচার্য জয়নুল আবেদিন সংগ্রহশালা) প্রতিষ্ঠা করেন। ফুসফুস ক্যান্সারে আক্রান্ত ১৯৭৬ সালের ২৮ মে ঢাকায় তিনি মৃত্যুবরণ করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদ এবং চারুকলা ইনস্টিটিউটের মধ্যবর্তী জায়গায়, জাতীয় কবি কাজী নজরুল ইসলামের কবরের পাশে সমাহিত করা হয়েছে। (বিবিসি ওয়েব পেজ:২২.০৩.২০২৪ রিহাব)

# ভয়েস অফ আমেরিকা

## অবন্তিকার আত্মহত্যা; কুমিল্লার বাড়িতে তদন্ত কমিটি, কথা বলেছে মায়ের সঙ্গে

বাংলাদেশের জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ফাইরুজ সাদাফ অবন্তিকার আত্মহত্যার ঘটনা তদন্তে গঠিত পাঁচ সদস্যের কমিটি তার কুমিল্লার বাড়িতে গিয়ে তার মা তাহমিনা শবনমের সঙ্গে কথা বলেছে। শুক্রবার (২২ মার্চ) সকালে তদন্ত কমিটির আহ্বায়ক, অধ্যাপক মো. জাকির হোসেনের নেতৃত্বে কমিটির সদস্যরা কুমিল্লা শহরের বাগিচাগাঁওয়ের অরনিকা পার্কের বাসায় গিয়ে ঘটনাস্থল পরিদর্শন করে। সেখানে তারা আড়াই ঘণ্টা ধরে অবন্তিকার মায়ের সঙ্গে কথা বলেন। পরে, স্থানীয় সাংবাদিকদের সঙ্গে কথা বলেন তারা। তদন্ত কমিটির সদস্যরা কুমিল্লা কোতোয়ালি মডেল থানায় গিয়ে মামলার তদন্তকারী কর্মকর্তার সঙ্গেও কথা বলেছেন। তদন্ত কমিটির প্রধান অধ্যাপক জাকির হোসেন বলেন, "আমরা ঘটনার তদন্ত করছি। অবন্তিকার মায়ের সঙ্গে কথা বলে এ বিষয়ে বিস্তারিত জানার চেষ্টা করেছি।"

অবন্তিকার মা তাহমিনা শবনম বলেন, "তদন্ত দল ঢাকা থেকে আমার কাছে এসেছেন। তারা তথ্য নিয়েছেন। আমি তাদের সব বলেছি। আমার কথা তারা শুনেছেন এবং তা লিখে নিয়েছেন; বলেছেন ন্যায় বিচার পাবো। এর আগে, অবন্তিকার আত্মহত্যা প্ররোচনার মামলায় অভিযুক্ত সহকারী প্রক্টর দ্বীন ইসলামের জামিন আবেদন প্রত্যাখ্যান করে

আদালত। বুধবার (২০ মার্চ) দুপুরে দুইপক্ষের আইনজীবীদের শুনানি শেষে কুমিল্লার ১ নম্বর আমলি আদালতের জ্যেষ্ঠ বিচারক আবু বকর সিদ্দিক এ আদেশ দেন।

দ্বীন ইসলাম জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনা বিভাগের সহকারী অধ্যাপক। তিনি সহকারী প্রক্টর ছিলেন। তাকে অব্যাহতি দেয়া হয়েছে। অন্যদিকে, অবন্তিকার আত্মহত্যা প্ররোচনার মামলার অপর অভিযুক্ত রায়হান সিদ্দিকী আম্মানকে রিমান্ড শেষে জেল হাজতে পাঠানো হয়েছে। বুধবার (২০ মার্চ) দুপুরে দুই দিনের রিমান্ড শেষে পুলিশ রায়হান সিদ্দিক আম্মানকে আদালতে হাজির করে। এর পর, আদালতের নির্দেশে তাকে জেলে পাঠানো হয়। উল্লেখ্য, শুক্রবার (১৫ মার্চ) রাতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের শিক্ষার্থী অবন্তিকা একই বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রক্টর দীন ইসলাম এবং তাঁর সহপাঠী আম্মান সিদ্দিকীকে দায়ী করে ফেসবুকে পোস্ট দিয়ে আত্মহত্যা করেন। এ ঘটনায় অবন্তিকার মা তাহমিনা শবনম বাদী হয়ে কুমিল্লার কোতোয়ালি মডেল থানায় আত্মহত্যা প্ররোচনার অভিযোগ এনে দ্বীন ইসলাম ও আম্মানের নাম উল্লেখসহ বেশ কয়েকজনকে অজ্ঞাত অভিযুক্ত হিসেবে উল্লেখ করে মামলা দায়ের করেন। এরপর ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি) রবিবার (১৭ মার্চ) অভিযুক্ত দ্বীন ইসলাম ও আম্মানকে গ্রেপ্তার করে। পরে কুমিল্লার কোতোয়ালি মডেল থানা-পুলিশের কাছে তাদের হস্তান্তর করে ডিএমপি। সোমবার (১৮ মার্চ) আদালতে হাজির করার পর, আম্মানকে দুই দিন ও দ্বীন ইসলামকে এক দিনের রিমান্ডের আদেশ দেন আদালত।

(ভোয়া ওয়েব পেজ : ২২.০৩.২০২৪ নারগীস)

## ইন্দোনেশিয়ার উপকূলে নৌকাডুবি; বহু রোহিঙ্গা শরণার্থীর প্রাণহানির আশঙ্কা করছে ইউএনএইচসিআর

ইন্দোনেশিয়ার পশ্চিম আচেহ প্রদেশের মিউলাবহ উপকূলে রোহিঙ্গা শরণার্থীদের বহনকারী নৌকা ডুবিতে বহুসংখ্যক প্রাণহানির আশঙ্কা করছে জাতিসংঘ শরণার্থী বিষয়ক সংস্থা ইউএনএইচসিআর এবং জাতিসংঘ অভিবাসন সংস্থা আইওএম। এ বিষয়ে সংস্থা দুটি গভীর উদ্বেগ প্রকাশ করেছে। বৃহস্পতিবার (২১ মার্চ) পরিচালিত উদ্ধার অভিযানে অন্তত ৭৫ জনকে নিরাপদে তীরে নিয়ে আসা হয়েছে। ইউএনএইচসিআর ও আইওএম বহু মানুষের প্রাণহানির আশঙ্কা করছে। এবিষয়ে 'অত্যন্ত উদ্বিগ্ন' বলে জানিয়েছে ইউএনএইচসিআর এবংআইওএম। বলেছে, কারণ উদ্ধার হওয়া শরণার্থীরা জানিয়েছেন যে নৌকায় মোট ১৫১ জন ছিলো। শুক্রবার (২২ মার্চ) ইউএনএইচসিআর বলেছে, বিষয়টি নিশ্চিত হলে, তা হবে এ বছরের সবচেয়ে বড় প্রাণহানির ঘটনা।

প্রাথমিক প্রতিবেদন অনুসারে, ২০ মার্চ পশ্চিম আচেহ'র স্থানীয় কর্তৃপক্ষ, ডুবে যাওয়া নৌকা থেকে স্থানীয় জেলেরা ৬ জন শরণার্থীকে উদ্ধার করেছে বলে জানায়। সেই দিন সকালের দিকে উপকূল থেকে প্রায় ১২ নটিক্যাল মাইল দূরে এ দুর্ঘটনা ঘটে বলে জানা গেছে। পরে বান্দা আচেহ থেকে জাতীয় অনুসন্ধান ও উদ্ধার সংস্থা অভিযান শুরু করে এবং ডুবে যাওয়া নৌকাটি ২১ মার্চ বৃহস্পতিবার সকালে শনাক্ত করতে সক্ষম হয়। ইউএনএইচসিআর ও আইওএম দলকে পশ্চিম আচেহ এলাকায় মোতায়েন করা হয়েছে। এই মর্মান্তিক ঘটনায় বেঁচে যাওয়াদের সহায়তা প্রদানের মাধ্যমে স্থানীয় কর্তৃপক্ষকে সহযোগিতা করতে প্রস্তুত রয়েছে তারা। ইন্দোনেশিয়ায় রোহিঙ্গা শরণার্থীদের নৌকায় আগমনের ঘটনা উল্লেখযোগ্য হারে বাড়ছে। এমন পরিস্থিতির মধ্যে এই ঘটনা ঘটলো। শুধু ২০২৩ সালে ২ হাজার ৩০০ জনের বেশি রোহিঙ্গা শরণার্থী এসেছে দেশটিতে। গত বছরের নভেম্বরের পর থেকে উল্লেখযোগ্য হারে এই সংখ্যা বেড়েছে; যা আগের ৪ বছরের মোট আগমনের সংখ্যাকে ছাড়িয়ে গেছে। ইউএনএইচসিআর ও আইওএম ইন্দোনেশিয়ায় আগত শরণার্থীদের জরুরি মানবিক সহায়তা ও সুরক্ষা প্রদানের প্রচেষ্টা জোরদার করছে।

(ভোয়া ওয়েব পেজ : ২২.০৩.২০২৪ নারগীস)

## 'সমন্বিত চেকপোস্ট চালু হলে বাংলাদেশ ও ভারত লাভবান হবে': বিজিবি মহাপরিচালক

বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) মহাপরিচালক মেজর জেনারেল আশরাফুজ্জামান সিদ্দিকী বলেছেন, সমন্বিত চেকপোস্ট (আইসিপি) চালু হলে বাংলাদেশ ও ভারতের অর্থনীতি সমৃদ্ধ হবে; উভয় দেশ লাভবান হবে। শুক্রবার (২২ মার্চ) খাগড়াছড়ির রামগড় বিজিবি স্মৃতিসৌধ এলাকায় সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এ কথা বলেন তিনি। এর আগে, বিজিবি মহাপরিচালক রামগড় ব্যাটালিয়ন সদর দপ্তর (৪৩ বিজিবি), রামগড় স্থলবন্দর সংলগ্ন সমন্বিত চেকপোস্ট, ভারত-বাংলাদেশ মৈত্রী সেতু এবং বিজিবি স্মৃতিস্তম্ভ পরিদর্শন করেন।

রামগড় স্থলবন্দরের অবস্থান সম্পর্কে বিজিবি মহাপরিচালক জানান, এক্ষেত্রে নিরাপত্তার মাত্রা কিছুটা ভিন্ন হবে। সেজন্য এখানে পর্যাপ্ত নিরাপত্তার ব্যবস্থা নেয়া হচ্ছে। এখানকার মৈত্রী সেতু, সড়ক পথে চট্টগ্রাম বন্দরের অনেক কাছে বলে উল্লেখ করেন মেজর জেনারেল আশরাফুজ্জামান সিদ্দিকী। বলেন, এই সেতুর মাধ্যমে বাণিজ্যের নতুন সমৃদ্ধির দ্বার উন্মোচিত হবে। এক প্রশ্নের জবাবে বিজিবি মহাপরিচালক জানান, মিয়ানমার থেকে বিজিপি'র যে ১৭৭ জন সদস্য বাংলাদেশে আশ্রয় নিয়েছে তাদের ফেরত পাঠানোর প্রক্রিয়া চলছে। এর আগে আসা বিজিপি সদস্যদের যে প্রক্রিয়ায় ফেরত পাঠানো হয়েছে, তাদের একই প্রক্রিয়ায় ফেরত পাঠানো হবে বলে জানান তিনি।

(ভোয়া ওয়েব পেজ : ২২.০৩.২০২৪ নারগীস)

## 'পণ্যমূল্য আকাশছোঁয়া, আর মানুষের হাতে টাকা নেই': মঈন খান

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. আবদুল মঈন খান বলেছেন, বাজারে নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের দাম আকাশ ছোঁয়া। মানুষের হাতে টাকা না থাকায় তারা নিত্যপ্রয়োজনীয় জিনিস কিনতে পারছে না।

অথচ স্বাধীনতার মূলমন্ত্র ছিলো গণতন্ত্রের পাশাপাশি জনগণের অর্থনৈতিক স্বাধীনতা নিশ্চিত করা। শুক্রবার (২২ মার্চ) ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে (ডিআরইউ) আয়োজিত দোয়া মাহফিলে এ কথা বলেন তিনি। বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার রোগমুক্তি ও ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের সুস্বাস্থ্য কামনা করে দোয়া ও ইফতার মাহফিলের আয়োজন করে জাতীয়তাবাদী নবীন দল। "ক্ষমতাসীন আওয়ামী লীগ নিজেদের মুক্তিযুদ্ধের পক্ষের রাজনৈতিক দল বলে দাবি করলেও তারা জনগণের অর্থনৈতিক মুক্তির কথা অস্বীকার করে দেশে একটা ধনী শ্রেণি প্রতিষ্ঠা করেছে;" বলেন মঈন খান।

তিনি বলেন, দেশ নিয়ন্ত্রণে ২২০টি পরিবারকে অনুকূল পরিবেশ তৈরি করে দিয়েছে বর্তমান সরকার। অথচ পাকিস্তান আমলে এ ধরনের পরিবারের সংখ্যা ছিলো ২২টি। গত ৭ জানুয়ারি অনুষ্ঠিত নির্বাচনকে প্রহসনের নির্বাচন বলে উল্লেখ করেন মঈন খান। তিনি বলেন, এই নির্বাচন আয়োজন করে আওয়ামী লীগ দেশের গণতান্ত্রিক রাজনৈতিক ব্যবস্থাকে ধ্বংস করে দিয়েছে। "যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্যের মতো শক্তিধর দেশগুলো বলেছে, অবাধ নির্বাচনের ন্যূনতম মানদণ্ড রক্ষা করা হয়নি;" মঈন খান আরো উল্লেখ করেন। তিনি আরো বলেন, আওয়ামী লীগকে বুঝতে হবে, কেউ অস্ত্র হাতে ক্ষমতা ধরে রাখতে পারে না। "ইতিহাস আমাদের শিক্ষা দেয়, স্বৈরাচারীদের ক্ষমতা থেকে টেনে নামায় জনগণ;" বলেন বিএনপি নেতা মঈন খান। (ভোয়া ওয়েব পেজ : ২২.০৩.২০২৪ নারগীস)

## আন্দোলনে ব্যর্থ বিএনপি এখন খেই হারিয়ে ফেলেছে': হাছান মাহমুদ

বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক হাছান মাহমুদ বলেছেন, আন্দোলনে ব্যর্থ বিএনপি এখন খেই হারিয়ে ফেলেছে। শুক্রবার (২২ মার্চ) দুপুরে রাজধানী ঢাকায়, বাংলাদেশ স্বাধীনতা পরিষদ আয়োজিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকীর আলোচনা এ কথা বলেন তিনি। "বিএনপি দেশকে মগের মুল্লুক বানাতে চেয়েছিলো। সেজন্য তারা নির্বাচন প্রতিহত করার ঘোষণা দেয়। কিন্তু আন্দোলনে ব্যর্থ হয়ে তারা খেই হারিয়ে ফেলেছে;" হাছান মাহমুদ আরো লেন। তিনি উল্লেখ করেন যে স্বাধীনতা অর্জনের পর বঙ্গবন্ধু যুদ্ধবিধ্বস্ত দেশকে ৯.৫ শতাংশ প্রবৃদ্ধির বেগে এগিয়ে নিয়ে যাচ্ছিলেন। ঠিক সে সময় অপশক্তি বঙ্গবন্ধুকে হত্যার পটভূমি তৈরি করে। "শুধু বঙ্গবন্ধুর বিরোধিতা নয়, স্বাধীনতারও বিরোধিতা করেছিলো তারা। সেই অপশক্তির ধারাবাহিকতা এখন উন্নয়ন অগ্রগতি বিনষ্ট করতে দেশকে পেছনে নিয়ে যেতে ষড়যন্ত্রে লিপ্ত;" যোগ করেন হাছান মাহমুদ। তিনি বলেন, "তারা প্রকাশ্যেই দেশকে পেছনে নেয়ার জন্য 'টেইক ব্যাক বাংলাদেশ' স্লোগান দেয়।"

এই রাজনৈতিক অপশক্তি বারবার দেশে গণতন্ত্র নস্যাৎ করতে চেয়েছে বলে উল্লেখ করেন হাছান মাহমুদ। তিনি বলেন, "সেই চক্রান্তেই বিএনপি গত নির্বাচন প্রতিহত করার ঘোষণা দিয়েছিলো। এর পর, ব্যর্থ হয়ে এখন হাঁটছে, লিফলেট দিচ্ছে।" আওয়ামী লীগ যুগ্ম-সাধারণ সম্পাদক আরো বলেন, "আপনারা হাঁটুন, দৌড়ান কিন্তু আবার যদি মানুষ পোড়ানোর অপচেষ্টা করেন, জনগণ উচিত শিক্ষা দেবে।" কিছু বিশেষ ব্যক্তি এই অপশক্তির সঙ্গে যুক্ত হয়েছে বলে জানান হাছান মাহমুদ। অভিযোগ করেন ঐ সব ব্যক্তি বিশ্বের সামনে দেশকে দরিদ্র বলে অপপ্রচার চালিয়ে নিজে নানা পুরস্কার নেয়। তিনি বলেন, "ড. ইউনূসের প্রতি সম্মান রেখেই বলতে চাই, দেশের মানুষের দুঃখ-দুর্দশা নিয়ে তার কোনো চিন্তা নেই। দেশে যখন বন্যা হয় তখন তাকে পাওয়া যায় না, দেশে যখন মানুষ পোড়ানো হয় তখন তার কোনো বক্তব্য পাওয়া যায় না, দেশে যখন দুর্যোগ হয় তখন ড. ইউনূসকে বিদেশে পুরস্কার নিতে ব্যস্ত থাকতে দেখা যায়।" (ভোয়া ওয়েব পেজ : ২২.০৩.২০২৪ নারগীস)

# রেডিও তেহরান

## ভারতীয় পণ্য বয়কটের নামে বিএনপি দেশের বাজারকে অস্থির করার ষড়যন্ত্রে লিপ্ত : ওবায়দুল কাদের

বাংলাদেশ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, ভারতীয় পণ্য বয়কটের নামে বিএনপি দেশের বাজার ব্যবস্থাকে অস্থির করার গভীর ষড়যন্ত্রে লিপ্ত হয়েছে। তবে জনগণ তাদের ডাকে সাড়া দেবে না। আজ শুক্রবার সকালে রাজধানীর ধানমন্ডিতে আওয়ামী লীগ সভাপতির রাজনৈতিক কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন। ওবায়দুল কাদের বলেন, ভারতের সাথে সম্পর্ক নষ্ট করার দূরভিসন্ধি বিএনপি'র মানসিক বৈকল্যেরই বহিঃপ্রকাশ। তাদের ভারতীয় পণ্য বয়কটের ডাক দু'দেশের সম্পর্কে প্রভাব ফেলবে না। যারা ভারতীয় পণ্য বয়কটের ডাক দিয়েছে, দেশের জনগণ তাদেরকেই বয়কট করবে বলে তিনি মন্তব্য করেন। সেতুমন্ত্রী বলেন, একটা রাজনৈতিক দল কতটা দেউলিয়া হলে, উগ্র মানসিকতা সম্পন্ন অবিবেচক হলে, কতটা কূটনৈতিক শিষ্টাচার বহির্ভূত হলে প্রতিবেশী রাষ্ট্রকে বয়কটের মতো কথা বলে। বঙ্গবন্ধু হত্যার পর ২১ বছর ভারতের সাথে বৈরী সম্পর্ক বাংলাদেশেরই জন্য ক্ষতি ডেকে এনেছে বলে মন্তব্য করেন বাংলাদেশের সেতুমন্ত্রী।

(রেডিও তেহরান: ২০৩০ ২২.০৩.২০২৪ এলিনা,বাবুল আখতার)

## নিরাপরাধ মানুষরা সরকারি নিপীড়নের শিকার হচ্ছেন : মির্জা ফখরুল

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, আইনের শাসনহীন বাংলাদেশে নিরাপরাধ মানুষরা সরকারি নিপীড়নের শিকার হচ্ছেন বলে অভিযোগ করেছেন দেশের সকল মানুষ। আজ(২২ মার্চ) এক বিবৃতিতে তিনি এ অভিযোগ করেন। শেরপুর জেলা বিএনপি'র সভাপতি ও সাবেক এমপি

মাহমুদুল হক রুবেলসহ বিএনপি এবং এর অঙ্গ ও সহযোগী সংগঠনের ২২ জন নেতাকর্মী বৃহস্পতিবার শেরপুর জডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে আত্মসমর্পণ করে জামিন আবেদন করলে আদালত তাদের জামিন বাতিল করে কারাগারে প্রেরণের ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করে এ বিবৃতি দিয়েছেন মির্জা ফখরুল। তিনি বলেন, 'রোজার প্রাক্কালে বিদ্যুৎ, গ্যাস, জ্বালানি, সুপেয় পানিসহ নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদির লাগামহীন চড়ামূল্যে যখন মানুষ চোখে অন্ধকার দেখছে তখন অবৈধ আওয়ামী সরকার বিএনপিসহ বিরোধী দলের শীর্ষ নেতৃবৃন্দসহ বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দকে নিত্য-নতুন মিথ্যা মামলায় আটকসহ জামিন নামঞ্জুরের মাধ্যমে কারান্তরীণের হিড়িক অব্যাহত রেখেছে।'
(রেডিও তেহরান: ২০৩০ ২২.০৩.২০২৪ এলিনা, বাবুল আখতার)

## এনএইচকে

### ভূমিকম্প-বিধ্বস্ত উপদ্বীপ পরিদর্শন জাপানের সম্রাট ও সম্রাজ্ঞীর

জাপানের সম্রাট নারুহিতো এবং সম্রাজ্ঞী মাসাকো নববর্ষের দিনে আঘাত হানা মারাত্মক ভূমিকম্পে সবচেয়ে ক্ষতিগ্রস্ত এলাকাগুলো পরিদর্শন করেছেন। ওয়াজিমা এবং সুযু শহর জাপান সাগর উপকূলস্থ ইশিকাওয়া জেলার নোতো উপদ্বীপে অবস্থিত। টোকিও'র হানেদা বিমানবন্দর থেকে একটি বিমানে আজ শুক্রবার বেলা ১১টার আগে সম্রাট দম্পতি নোতো সাতোইয়ামা বিমানবন্দরে গিয়ে পৌঁছান। এরপর বিকেলে জাপান আত্মরক্ষা বাহিনীর হেলিকপ্টারে করে তারা ওয়াজিমা শহরের উদ্দেশ্যে যাত্রা করেন। ২০১৯ সালে সম্রাট সিংহাসনে আরোহনের পর এই নিয়ে দ্বিতীয়বারের মতো এই দম্পতি, প্রাকৃতিক দুর্যোগের প্রভাব বজায় থাকা কোনো এলাকা পরিদর্শন করেছেন।
উল্লেখ্য, শহরটি কেবল ভূমিকম্প নয়, এরপরে একটি বড় ধরনের অগ্নিকাণ্ডের কারণেও মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়। আগুনে শহরের কেন্দ্রস্থলে আসাইচি সড়ক নামে পরিচিত একটি এলাকা ভস্মীভূত হয় এবং শহর জুড়ে মোট ১০২ জনের প্রাণহানি ঘটে। সম্রাট দম্পতি শহরের ভেতর দিয়ে অগ্নিকাণ্ডে দগ্ধ এলাকায় যাওয়ার সময় পথিমধ্যে ধ্বসে পড়া ভবনগুলোও অতিক্রম করেন। শহরের মেয়র সাকাগুচি শিগেরুর কাছ থেকে এবিষয়ে ব্যাখ্যা পাওয়ার পর তারা ওই স্থানে গভীরভাবে মাথা নুইয়ে সমবেদনা প্রকাশ করেন। এরপর, সম্রাট এবং সম্রাজ্ঞী কাছাকাছি একটি গণ-স্থাপনা পরিদর্শন করেন, যেখানে ভূমিকম্প থেকে বেঁচে যাওয়া ১০০ জনেরও বেশি মানুষ আশ্রয় নিয়েছেন। তারা হাঁটু গেড়ে বসে এই ভুক্তভোগীদের সাথে কথা বলেন। (এনএইচকে ওয়েব পেজ : ২২.০৩.২০২৪ নারগীস)

## ডয়চে ভেলে

### রাজধানীতে বেদখল বাড়ি ফিরে পাওয়ার অনিঃশেষ লড়াই

রাজধানীসহ বাংলাদেশের বিভিন্ন স্থানে বহু বাড়ি এখনও প্রভাবশালীদের দখলে। অনেকেই ভুয়া কাগজপত্র তৈরি করে বৈধ মালিক সেজে বসে আছেন। কিছু বাড়ি আদালতের নির্দেশ সত্ত্বেও দখলমুক্ত হচ্ছে না। সম্প্রতি ব্যবসায়ী ও আওয়ামী লীগের সংসদ সদস্য সালাম মুর্শেদীকে গুলশানের একটি বাড়ি তিন মাসের মধ্যে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়কে বুঝিয়ে দেয়ার নির্দেশ দেয় আদালত। এর আগে সাংবাদিক আবেদ খানের একটি বাড়িও রাষ্ট্রের কাছে বুঝিয়ে দিতে বলেছে আদালত। এলিফ্যান্ট রোডে সরকারি একটি বাড়িতে এক সাবেক অতিরিক্ত সচিবের থাকার বিষয়টিও উঠে আসে খবরে। বাড়ি থেকে তাকে উচ্ছেদ করতে গিয়েও ব্যর্থ হয়ে ফিরে আসতে হয় কর্মকর্তাদের।
দখল হওয়া বাড়িগুলো উদ্ধার করার জন্য ২০২০ সালের জুন মাসে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের এক অতিরিক্ত সচিবকে প্রধান করে ৫ সদস্যের উচ্চপর্যায়ের কমিটি গঠন করা হয়। কিন্তু সেই কমিটি দৃশ্যত কোনো কাজই করেনি। বর্তমানে এ কমিটির সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছেন গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ-১) সৈয়দ মামুনুল আলম। তিনি ২০২৩ সালের ১১ জুলাই এ কমিটির সভাপতির দায়িত্ব গ্রহণ করেন। এরপর ৪টি সভা করেছে তারা। সৈয়দ মামুনুল আলম ডয়চে ভেলেকে বলেন, "এই বাড়িগুলো আসলে এভাবে উদ্ধার হবেনা। আদালত থেকে সিদ্ধান্ত আসতে হবে। আমরা উদ্ধার করতে গিয়ে দেখেছি, তারা কাগজপত্র দেখায়। এখন সবার কাগজই আমাদের কাছে বৈধ মনে হয়। সেই ১৯৬০-৬৫ সাল থেকে তারা দখল করে রেখেছেন। এমনকি স্বাধীনতার পর থেকেও অনেকে দখলে রেখে কাগজপত্র তৈরি করেছেন। ফলে শুধু আমরা গিয়েই তাদের উচ্ছেদ করে দিতে পারছি না। এগুলো উদ্ধারের জন্য আমার মনে হয় আদালত থেকেই সিদ্ধান্ত আসতে হবে।"
ঢাকার অভিজাত এলাকা গুলশানে দীর্ঘদিন ধরে প্রভাবশালীদের দখলে আছে ৩৯টি বাড়ি। তবে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের হিসেব অনুযায়ী এমন বাড়ির সংখ্যা ৩১। শত শত কোটি টাকার এই সম্পত্তি সাবেক সেনা কর্মকর্তা, পুলিশ, মুক্তিযোদ্ধা, ব্যবসায়ী, সাবেক সচিব বা রাজনীতিবিদদের নামে দখল করে রাখা হয়েছে। অনেক জমিতে বানানো হয়েছে বহুতল ভবন।
জানা গেছে, অভিজাত এলাকায় বেহাত হওয়া সরকারি বাড়ি দখলমুক্ত করতে প্রায় চার বছর আগে উচ্চ পর্যায়ের একটি কমিটি গঠন করা হয়েছিল। তবে কাজের কাজ কিছুই হয়নি। উল্টো কমিটি গঠনের পর গত ৪ বছরে নতুন করে বেদখল হয়েছে আরও বেশ কিছু বাড়ি। রাজউকের পরিচালক (এস্টেট) নুরুল ইসলাম ডয়চে ভেলেকে বলেন, "আমাদের বেদখল হওয়া বাড়ি বা জমির খবর আমরা পেলে সেগুলো উদ্ধারে অভিযান চালাই। উদ্ধার করে যার নামে বরাদ্দ দেওয়া হয়েছে তাকে বুঝিয়ে দেই। আর যে বাড়িগুলো নিয়ে কথা হচ্ছে, সেগুলো আসলে পাকিস্তানিদের ছিল।

তারা চলে যাওয়ার পর রাষ্ট্রের অনুকূলে বাজেয়াপ্ত হয়েছে। ফলে এই বাড়িগুলোর মালিক গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়। তারা উদ্ধারে কাজ করতে পারে। এখানে রাজউকের কিছু করার নেই। আমরা আমাদের কাজ করে যাচ্ছি।" কথিত দখলকৃত এই বাড়িগুলো গত ৫২ বছরে বহুবার হাতবদল হয়েছে। দীর্ঘদিনের অনাদর, অবহেলা ও সংস্কারের অভাবে কিছু বাড়ি বসবাসের উপযোগিতা হারিয়েছে। বাড়িগুলোর প্রসঙ্গে প্ল্যানার্স ইনস্টিটিউশন বাংলাদেশের সভাপতি অধ্যাপক ড. আদিল মোহাম্মদ খান ডয়চে ভেলেকে বলেন, "সরকারের সংশ্লিষ্ট দপ্তরের লোকজনের সঙ্গে যোগসাজস করেই তো এগুলো বেদখল হয়েছে। দখলদার তো আর একা নয়। এই বাড়িগুলো উদ্ধার করার জন্য যাদের দায়িত্ব দেওয়া হয়েছে, তাদেরও গাফিলতি রয়েছে। তাদের বিরুদ্ধেও বিভাগীয় ব্যবস্থা নিতে হবে। রাষ্ট্রীয় সম্পদ রক্ষা করার জন্যই তারা বেতনভুক্ত কর্মকর্তা বা কর্মচারি। এই দায়িত্ব যদি প্রতিপালন করতে তারা না পারেন, তাহলে তো জবাবদিহি থাকতে হবে।" অবসরে যাওয়ার পরও সাড়ে পাঁচ বছর ধরে রাজধানীর এলিফ্যান্ট রোডে সরকারি একটি বাড়িতে থাকছেন একজন অতিরিক্ত সচিব। এরই মধ্যে তার কাছে বাড়িভাড়া বাবদ ৩০ লাখ টাকারও বেশি পাওনা জমেছে। এ অবস্থায় গত মাসে এই কর্মকর্তাকে বাড়ি থেকে উচ্ছেদে অভিযান চালায় গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়। তবে অভিযানের মাঝপথে ফিরে আসতে হয় কর্মকর্তাদের।

এলিফ্যান্ট রোডের ৩৩১ নম্বর দোতলা বাড়িটি ১০ কাঠার ওপর নির্মিত। বাড়িটির দখলে আছেন সাবেক এই অতিরিক্ত সচিবে আশরাফুল ইসলাম। অবসরে যাওয়ার আগে তিনি গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীন সরকারি আবাসন পরিদপ্তরের পরিচালক ছিলেন। ওই সময়ই তিনি ওই বাড়িতে ওঠেন। গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় বলছে, তাকে বাড়িটি ছাড়ার নোটিশ দেওয়া হলেও তিনি এতে সাড়া দেননি। মন্ত্রণালয়ের এক আবেদনের ভিত্তিতে এখনও ওই বাড়িতে আছেন তিনি।

আইনজীবী অ্যাডভোকেট মনজিল মোরশেদ ডয়চে ভেলেকে বলেন, "এভাবে বাড়িগুলো উদ্ধার হবে না। সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে ম্যানেজ করেই তারা বাড়ি বরাদ্দ পেয়েছেন বা দখলে রেখেছেন। অনেকে আদালত থেকে রায়ও নিয়েছেন। এখন সরকারের এর বিরুদ্ধে আপিল করতে হবে। সেই আগ্রহ তাদের নেই। এখন এই বাড়িগুলো উদ্ধার করতে হলে একটা কমিশন করতে হবে। সেই কমিশন কাগজপত্র বিশ্লেষণ করে প্রয়োজনীয় ব্যবস্থা নেবে। আদালতে যেতে হলে তারা যাবে। সরকারের যদি আগ্রহ থাকে, তাহলে হাজার হাজার কোটি টাকার এই সম্পদ উদ্ধার করা সম্ভব।"

সর্বশেষ আলোচনায় আসা খুলনা-৪ আসনের সংসদ সদস্য ও বাংলাদেশ ফুটবল ফেডারেশনের সহ-সভাপতি আব্দুস সালাম মুর্শেদীকে তিন মাসের মধ্যে গুলশানের বাড়ি ছাড়ার নির্দেশ দিয়েছে হাইকোর্ট। তিন মাসের মধ্যে বাড়িটি গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের বরাবর হস্তান্তরের নির্দেশ দিয়েছে হাইকোর্ট। জনস্বার্থে করা একটি রিট আবেদনের দীর্ঘ শুনানি শেষে বিচারপতি মো. নজরুল ইসলাম তালুকদার ও বিচারপতি কাজী ইবাদত হোসেনের বেঞ্চ মঙ্গলবার এ রায় ঘোষণা করেন। সালাম মুর্শেদীর দখলে থাকা গুলশান-২ এর ১০৪ নম্বর সড়কের ২৯ নম্বর বাড়িটি 'পরিত্যক্ত সম্পত্তি' দাবি করে তদন্তের নির্দেশনা চেয়ে রিট আবেদন করেন ব্যারিস্টার সৈয়দ সায়েদুল হক সুমন। ২০২২ সালের ৩০ অক্টোবর সেই আবেদনে দুদক, রাজউক ও গণপূর্ত বিভাগসহ সংশ্লিষ্টদের সেখানে বিবাদী করা হয়। প্রাথমিক শুনানি নিয়ে ২০২২ সালের ১ নভেম্বর রুল জারি করে হাই কোর্টের এই বেঞ্চ। ২০২৩ সালের ৩০ জানুয়ারি বাড়িটি নিয়ে রাজউকের প্রতিবেদন হাইকোর্টে দাখিল করে বলা হয়, বাড়িটি পরিত্যক্ত সম্পত্তির তালিকায় নেই। ওই বাড়ির নকশাও (মূল লে আউট প্ল্যান) আদালতে জমা দেয় রাজউক। অবশেষে বাড়িটি ছেড়ে দেওয়ার সিদ্ধান্ত এলো।

এর আগে সাংবাদিক আবেদ খানের দাবি করা ধানমন্ডির ৩০০ কোটি টাকার বাড়িটির মালিকানা সরকারের মর্মে রায় ঘোষণা করে সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। হাইকোর্টের রায়ের বিরুদ্ধে করা আপিল আবেদনের শুনানি শেষে গত বছরের ১৫ মে প্রধান বিচারপতি হাসান ফয়েজ সিদ্দিকীর নেতৃত্বাধীন আপিল বিভাগ এ রায় দেন। এর আগে ২০১৭ সালের জুন মাসে বিএনপি স্থায়ী কমিটির সদস্য ও সাবেক উপ রাষ্ট্রপতি ব্যারিস্টার মওদুদ আহমদকে গুলশান এভিনিউর ১৫৯ নম্বর বাড়ি থেকে চূড়ান্তভাবে উচ্ছেদ করা হয়। ৩৬ বছর ধরে গুলশানের পরিবার-পরিজন নিয়ে ওই বাড়িতে বসবাস করে আসছিলেন তিনি। সর্বোচ্চ আদালতের রায়ের পর অভিযান চালিয়ে বাড়ির নিয়ন্ত্রণ নেয় রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ রাজউক। (ডয়চে ভেলে ওয়েব পেজ:২২.০৩.২০২৪ রিহাব)

## সাংবাদিক রানাকে জেলে পাঠানো ইউএনওকে তথ্য কমিশনে তলব

তথ্য চাওয়া সাংবাদিককে অসহযোগিতা করার অভিযোগের ব্যাখ্যা দিতে শেরপুরের নকলা উপজেলা নির্বাহী কর্মকর্তা সাদিয়া উম্মুল বানিনকে তলব করেছে তথ্য কমিশন। তাকে আগামী ২ এপ্রিল কমিশনে হাজির হতে হবে বলে জানিয়েছে বাংলাদেশে ডিডাব্লিউয়ের কনটেন্ট পার্টনার দ্য ডেইলি স্টার। কমিশনের সদস্য ও সাবেক জেলা জজ শহিদুল আলম ঝিনুকের অনুসন্ধানের পরিপ্রেক্ষিতে এ আদেশ দেওয়া হয়েছে। তথ্য অধিকার আইনের আওতায় ৫ মার্চ ইউএনও কার্যালয়ে তথ্য চাইতে যান দৈনিক দেশ রূপান্তরের নকলা প্রতিনিধি শফিউজ্জামান রানা। এ সময় 'অসদাচরণের' অভিযোগ এনে সহকারি কমিশনার (ভূমি) শিহাবুল আরিফের নেতৃত্বে পরিচালিত ভ্রাম্যমাণ আদালত রানাকে ছয় মাসের কারাদণ্ড দেয়। এই ঘটনায় বিক্ষুব্ধ প্রতিক্রিয়া জানায় বিভিন্ন সাংবাদিক সংগঠন। আট দিন পর তাকে কারাগার থেকে মুক্তি দেওয়া হয়। তথ্য কমিশনের এক কর্মকর্তা ডেইলি স্টারকে জানিয়েছেন, ভ্রাম্যমাণ আদালত

প্রক্রিয়ায় কমিশনের কোনো এখতিয়ার নেই বলেই কমিশন এসি ল্যান্ডকে না ডেকে ইউএনওকে ডেকে পাঠিয়েছে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২২.০৩.২০২৪ রিহাব)

## রেডিও টুডে

### আন্দোলনের কোন ইস্যু না পেয়ে ভারত বিরোধিতায় নেমেছে বিএনপি: ওবায়দুল কাদের

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন যখন আন্দোলনের কোন ইস্যু নেই তখন ভারত বিরোধীতাই বিএনপির ইস্যু। তিনি বলেন ভারত বয়কটের নামে ভারতীয় পণ্য বয়কটের নামে বিএনপি দেশের বাজার পরিস্থিতিকে অস্থিতিশীল করার ষড়যন্ত্রে করছে। ভারতীয় পণ্য যারা বয়কট করতে চায় দেশের মানুষ তাদের বয়কট করবে। শুক্রবার সকালে ধানমন্ডির আওয়ামী লীগ সভাপতির রাজনৈতিক কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে এমন মন্তব্য করেন ওবায়দুল কাদের। ওবায়দুল কাদের বলেন রাজনৈতিক দল হিসেবে বিএনপি পথ হারা পথিকের মত। দিশেহারা হয়ে যখন যা খুশি তাই বলছে, যা খুশি তাই করছে।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২২.০৩.২০২৪ আসাদ)

### সরকার পতনের চলমান কর্মসূচি অব্যাহত থাকবে: ফারুক

বিএনপি সারাদেশে শক্তি অর্জন করছে। কারামুক্ত নেতাকর্মীরা সংঘটিত হয়ে সরকার পতনের চলমান কর্মসূচি অব্যাহত রাখবে বলে জানিয়েছেন বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা জয়নুল আবেদীন ফারুক। শুক্রবার সকালে জিয়া পরিষদের ৩৭তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে দলটির প্রতিষ্ঠাতা জিয়াউর রহমানের সমাধিতে শ্রদ্ধা জানানো শেষে তিনি এসব কথা বলেন। জয়নাল আবেদীন ফারুক বলেন ৭ জানুয়ারির প্রহসনের নির্বাচনে ভারত সরকারকে সহযোগিতা করেছে সে কারণেই জনগণ সরকার ভারতীয় পণ্য বয়কটের ডাক দিয়েছে আর বিএনপি তাদের সংহতি প্রকাশ করছে বলেও জানান বিএনপির এই নেতা। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ২২.০৩.২০২৪ আসাদ)

### রাজধানীর ডেমরার ভাঙ্গা ব্রিজ এলাকায় কাপড়ের গুদামে লাগা আগুন নিয়ন্ত্রণ এসেছে

প্রায় ৯ ঘন্টা পর রাজধানীর ডেমরার ভাংগা ব্রিজ এলাকায় একটি কাপড়ের গুদাম লাগা আগুন নিয়ন্ত্রণ এসেছে। তবে আগুন এখনো পুরোপুরি নেভেনি। পুরোপুরি নেভাতে ফায়ার সার্ভিসের দশটি ও নৌ বাহিনীর দুটি ইউনিট কাজ করছে। শুক্রবার সকাল ৮ টায় আগুন নিয়ন্ত্রণে আসার কথা জানায় ফায়ার সার্ভিসের নিয়ন্ত্রণ কক্ষ। তবে পানি স্বল্পতায় নির্বাপন কাজ ব্যাহত হওয়ার কথা জানায় ফায়ার সার্ভিস। এর আগে বৃহস্পতিবার রাত সাড়ে এগারোটার দিকে ডেমরার ভাঙ্গা ব্রিজ এলাকার ওই গুদামে আগুন লাগে। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২২.০৩.২০২৪ আসাদ)

### ডেমরায় আগুন লাগা ওই ভবনটি যেকোনো সময় ভেঙ্গে পড়তে পারে : ফায়ার সার্ভিস

ডেমরায় আগুন লাগা ওই ভবনটি যে কোন সময় ভেঙ্গে পড়তে পারে বলে আশঙ্কা প্রকাশ করেছে ফায়ার সার্ভিস। শুক্রবার ভোরে ফায়ার সার্ভিসের পরিচালক লেফটেন্যান্ট কর্নেল মোঃ রেজাউল করিম সাংবাদিকদের ব্রিফিংকালে এ কথা জানান। তিনি বলেন ভবনটি ইতিমধ্যেই ঝুঁকিপূর্ণ হয়ে উঠেছে। ভবনে যে অবকাঠামোগত শক্তি সেটা আর নেই। ভবনটির ছাদের এক জায়গায় ফেটে গেছে। যে কারণেই যেকোনো মুহূর্তে ভেঙ্গে পড়ার সম্ভাবনা রয়েছে।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২২.০৩.২০২৪ আসাদ)

### পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে আজ থেকে বাসের অগ্রিম টিকিট বিক্রি শুরু হয়েছে

পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে আজ শুক্রবার থেকে বাসের অগ্রিম টিকিট শুরু হয়েছে। সকাল থেকে আন্ত:জেলার সব বাস কাউন্টারে অগ্রিম টিকিট পাওয়া যাচ্ছে। একই সঙ্গে যাত্রীরা অনলাইনে অগ্রিম টিকিট সংগ্রহ করতে পারছেন। এদিকে ঈদুল ফিতর উপলক্ষে আগামী ২৪ শে মার্চ থেকে ট্রেনের অগ্রিম টিকিট বিক্রি শুরু করবে বাংলাদেশ রেলওয়ে কর্তৃপক্ষ। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২২.০৩.২০২৪ আসাদ)

### বরিশালের গৌরনদীতে বাস খাদে পড়ে একজন নিহত

বরিশাল-ঢাকা মহাসড়কের গৌরনদীতে যাত্রীবাহী বাস নিয়ন্ত্রণ হারিয়ে খাদে পড়ে একজন নিহত হয়েছেন। এই ঘটনায় আহত হয়েছেন আরো অন্তত ১০ জন। তাদের উদ্ধার করে স্থানীয় হাসপাতালে ভর্তি করা হয়েছে। বৃহস্পতিবার রাত দশটার দিকে এই দুর্ঘটনা ঘটে। গৌরনদী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আনোয়ার হোসেন জানান এই ঘটনায় এখন পর্যন্ত একজন নিহত হয়েছেন এবং আহত হয়েছেন সাতজন। তাদের উদ্ধার করে স্থানীয় স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২২.০৩.২০২৪ আসাদ)

### ট্রেনের টিকিট কালোবাজারির ঘটনায় সহজ ডটকমের ৯জন গ্রেপ্তার

কালোবাজারির অভিযোগে টিকিট বিক্রির দায়িত্বপ্রাপ্ত কোম্পানি সহজ ডটকমের অফিস সহকারীসহ ৯ জনকে গ্রেপ্তার করেছে র‍্যাব। তাদেরকে বৃহস্পতিবার রাতে রাজধানীর কমলাপুর ও সবুজবাগ থেকে গ্রেপ্তার করা হয়। আজ শুক্রবার র‍্যাব-৩ থেকে এ তথ্য জানানো হয়। র‍্যাব জানায়, কারসাজি করে দেশব্যাপী ট্রেনের টিকিট কালোবাজারি চক্রের অন্যতম হোতা ও বাংলাদেশ রেলওয়ের সঙ্গে চুক্তিবদ্ধ প্রতিষ্ঠান সহজ ডটকমের অফিস সহকারী মিজান ঢালী ও অপারেটর এবং দুজনসহ টিকিট কালোবাজারি চক্রের ৯ জনকে গ্রেপ্তার করা হয়েছে। এসময় তাদের কাছে অবৈধভাবে সংগ্রহ করা ট্রেনের টিকিট উদ্ধার করা হয়। গ্রেপ্তারকৃতরা হলেন-মিজান ঢালী, মো. সোহেল ঢালী, মো. সুমন, মো.

জাহাঙ্গীর আলম, মো. শাহজালাল হোসেন, মো. রাসেল, মো. জয়নাল আবেদীন, মো. সবুর হাওলাদার ও নিউটন বিশ্বাস। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২২.০৩.২০২৪ আসাদ)

## নিরাপরাধ মানুষ সরকারি নিপীড়নের শিকার হচ্ছেন: মির্জা ফখরুল

আইনের শাসনহীন বাংলাদেশে নিরাপরাধ মানুষরা সরকারি নিপীড়নের শিকার হচ্ছেন বলে অভিযোগ করেছেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। শুক্রবার এক বিবৃতিতে তিনি এ অভিযোগ করেন। বিএনপি জাতীয় নির্বাহী কমিটির সদস্য, শেরপুর জেলা বিএনপি'র সভাপতি ও সাবেক এমপি মাহমুদুল হক রুবেলসহ বিএনপি এবং এর অঙ্গ ও সহযোগী সংগঠনের ২২ জন নেতাকর্মী বৃহস্পতিবার শেরপুর জডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে আত্মসমর্পণ করে জামিন আবেদন করলে আদালত তাদের জামিন বাতিল করে কারাগারে প্রেরণের ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করে এ বিবৃতি দিয়েছেন মির্জা ফখরুল। বিবৃতিতে বিএনপি মহাসচিব বলেন, '৭ জানুয়ারির আওয়ামী ডামি সরকার তাদের অনৈতিক ক্ষমতাকে পাকাপোক্ত করতে সারাদেশে বিরোধী দলের নেতা-কর্মীদের ওপর যে জুলুম চালাচ্ছে সেটির আরো একটি কু-নজির স্থাপিত হলো মিথ্যা, হয়রানিমূলক ও রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত মামলায় মাহমুদুল হক রুবেলসহ ২২ জন নেতাকর্মীর জামিন নামঞ্জুর ও কারাগারের পাঠানোর মধ্য দিয়ে।
(রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২২.০৩.২০২৪ আসাদ)

## টিসিবির পণ্য তালিকায় আরো কয়েকটি পণ্য যোগ করা হবে: বাণিজ্য প্রতিমন্ত্রী

বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটু বলেছেন, প্রধানমন্ত্রীর নির্দেশনায় টিসিবির পণ্য তালিকায় আরও কয়েকটি পণ্য যুক্ত করা হবে। এ ছাড়াও টিসিবির স্থায়ী দোকান করে দেওয়া হবে যাতে করে কার্ডধারীদের পণ্য কিনতে সারাদিন ব্যয় না হয়। শুক্রবার টাঙ্গাইলের নাগরপুর উপজেলা মিলনায়তনে নিম্ন আয়ের মানুষের মাঝে টিসিবির স্মার্ট কার্ড বিতরণ এবং ডিলার, বাজার সমিতি ও অংশীজনের সঙ্গে মতবিনিময় অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন।
(রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২২.০৩.২০২৪ আসাদ)

## দীর্ঘ ১২ ঘন্টা পর রাজধানীর ডেমরার ভাঙ্গা প্রেস এলাকায় লাগা আগুন নিয়ন্ত্রণ এসেছে

দীর্ঘ ১২ ঘন্টা পর পুরোপুরি নিয়ন্ত্রণ এসেছে রাজধানীর ডেমরার ভাঙ্গা প্রেস এলাকার খেলার সামগ্রির গোডাউনে লাগা আগুন। ফায়ার সার্ভিসের দাবি কোনরকমের নিয়ম-নীতির তোয়াক্কা না করেই ভবনটি ব্যবহার করা হচ্ছিল। তাদের দাবি বিপুল পরিমাণে পণ্য মজুদ করা হলেও ভবনটিতে আগুন নেভানের কোন ব্যবস্থাই ছিল না।। ভবনে ঢোকার সিড়িও ছিল অত্যন্ত সরু। ছিল না আগুন নিভানোর প্রাথমিক ব্যবস্থাও। বৃহস্পতিবার রাত সাড়ে ১১টার দিকে ক্রিকেট, ব্যাডমিন্টনসহ খেলার বিভিন্ন পণ্যে ঠাসা ভাঙ্গা প্রেস এলাকার ওই ভবনে আগুন লাগে। শুরুতে তিনতলা থেকে আগুনের সূত্রপাত হলেও তা ছড়িয়ে পড়ে পুরো ভবনে। সাড়ে ৯ ঘন্টার পর আগুন নিয়ন্ত্রণ আনে ফায়ার সার্ভিস। ফায়ার সার্ভিসের উপ-পরিচালক মো. আখতারুজ্জামান গণমাধ্যমকে জানান বিভিন্ন দেশ থেকে আমদানি করা ক্রিকেট ব্যাট সহ বিভিন্ন খেলার সামগ্রী ও প্রচুর পরিমাণে ব্যায়ামের সরঞ্জাম মজুদ ছিল ভবনটিতে। এসব পণ্যের বেশিরভাগই ছিল প্লাস্টিক আর রাবার জাতীয় পণ্য। যে কারণে আগুন নিয়ন্ত্রণেও বেগ পেতে হয়। এছাড়া ভবনটির আশপাশে কোন পানির ব্যবস্থা না থাকায় উপায় না পেয়ে এক পর্যায়ে ড্রেনের পানিও আগুন নেভানোর কাজে ব্যবহার করা হয় বলেও জানান মো. আখতারুজ্জামান। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২২.০৩.২০২৪ আসাদ)

# জাগো এফএম

## বিশ্ব পানি দিবস আজ

আজ বিশ্ব পানি দিবস। দিবসটির এবারের প্রতিপাদ্য 'ওয়াটার ফর পিস' বা 'শান্তির জন্য পানি'। বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও দিবসটি পালনে সরকারি ও বেসরকারি বিভিন্ন কর্মসূচি হাতে নেওয়া হয়েছে। এছাড়াও বিভিন্ন পরিবেশবাদী সংগঠন পানি দিবস নিয়ে বিভিন্ন সেমিনার ও কর্মসূচি হাতে নিয়েছে। জানা গেছে, জাতিসংঘের সাধারণ পরিষদের গৃহীত এক প্রস্তাব অনুযায়ী প্রতি বছর ২২শে মার্চ বিশ্ব পানি দিবস পালন করা হয়। ১৯৯২ সালে ব্রাজিলের রিওতে এ প্রস্তাব গ্রহণ করা হয়। সেখানে পানিসম্পদের জন্য একটি বিশেষ দিন ঘোষণার দাবি তোলা হয়। ১৯৯৩ সালে প্রথম বিশ্ব পানি দিবস পালিত হয় এবং এরপর থেকে এ দিবস পালনের গুরুত্ব ক্রমে বৃদ্ধি পেতে থাকে। পানি দিবস উপলক্ষে এক বাণীতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, 'পানির প্রতিটি ফোঁটার সর্বোত্তম ব্যবহারই নিশ্চিত করতে পারে পানির সর্বজনীন ন্যায়ভিত্তিক বণ্টন ও ব্যবস্থাপনা।' পানি দিবসের এ বছরের প্রতিপাদ্য 'ওয়াটার ফর পিস' সময়োপযোগী হয়েছে বলে তিনি মনে করেন। শেখ হাসিনা বলেন, 'পানি শান্তি কিংবা সংঘাত ঘটাতে পারে। পানির অসম বণ্টন বা দুষ্প্রাপ্যতা উত্তেজনা ও সংঘাত সৃষ্টি করে। সুষম পানি ব্যবস্থাপনার মাধ্যমে জনস্বাস্থ্যের সমৃদ্ধি, খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ এবং অর্থনৈতিক উন্নয়ন সহজতর হলে বিশ্ব শান্তি প্রতিষ্ঠায় তা সহায়ক ভূমিকা পালন করবে।' প্রতি বছর বিশ্ব পানি দিবস ঘিরে জাতিসংঘের বিশ্ব পানি উন্নয়ন প্রতিবেদন প্রকাশিত হয়। এতে প্রত্যেকের পানি এবং পয়োনিষ্কাশনের অধিকার ও প্রয়োজনীয়তার ওপর জোর দেওয়া হয়। পানি দিবস পালনের মধ্যদিয়ে নিরাপদ পানির সংকট তুলে ধরা হয় এবং দীর্ঘস্থায়ীভাবে নিরাপদ পানি সংরক্ষণের জন্য মানুষকে উদ্বুদ্ধ করা হয়।
(জাগো এফএম ওয়েব পেজ : ২২.০৩.২০২৪ প্রতীক)

## পানির প্রতিটি ফোঁটার উত্তম ব্যবহারে সর্বজনীন বণ্টন নিশ্চিত হবে : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, 'পানির প্রতিটি ফোঁটার সর্বোত্তম ব্যবহারই নিশ্চিত করতে পারে পানির সর্বজনীন ন্যায়ভিত্তিক বণ্টন ও ব্যবস্থাপনা। শুক্রবার, ২২শে মার্চ বিশ্ব পানি দিবস-২০২৪ উপলক্ষে দেওয়া এক বাণীতে প্রধানমন্ত্রী এ কথা বলেন। বিশ্ব পানি দিবস উপলক্ষে প্রধানমন্ত্রী নদীমাতৃক বাংলাদেশের জনগণ ও পানিসম্পদ ব্যবস্থাপনার সঙ্গে জড়িত সবাইকে আন্তরিক শুভেচ্ছা জানিয়ে বলেন, 'পানি দিবসের এ বছরের প্রতিপাদ্য 'ওয়াটার ফর পিস' সময়োপযোগী হয়েছে।' শেখ হাসিনা বলেন, 'পানি শান্তি কিংবা সংঘাত ঘটাতে পারে। পানির অসম বণ্টন বা দুষ্প্রাপ্যতা উত্তেজনা ও সংঘাত সৃষ্টি করে। সুষম পানি ব্যবস্থাপনার মাধ্যমে জনস্বাস্থ্যের সমৃদ্ধি, খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ এবং অর্থনৈতিক উন্নয়ন সহজতর হলে বিশ্বশান্তি প্রতিষ্ঠায় তা সহায়ক ভূমিকা পালন করবে। জলবায়ু পরিবর্তনের কারণে সৃষ্ট চ্যালেঞ্জ এবং পানিসম্পদের ওপর এর প্রভাব মোকাবিলা করার জন্য সবার আন্তরিক সহযোগিতা প্রয়োজন। বৈশ্বিক ও আঞ্চলিক শান্তি রক্ষার লক্ষ্যে আন্তঃসীমান্ত নদীর পানি ব্যবস্থাপনায় রাষ্ট্রসমূহের মধ্যে আস্থা ও সহযোগিতামূলক মনোভাব অত্যন্ত গুরুত্বপূর্ণ। পানির প্রতিটি ফোঁটার সর্বোত্তম ব্যবহারই নিশ্চিত করতে পারে পানির সর্বজনীন ন্যায়ভিত্তিক বণ্টন ও ব্যবস্থাপনা।' প্রধানমন্ত্রী বলেন, 'পানিসম্পদ ব্যবস্থাপনা এবং টেকসই উন্নয়ন একে অপরের সঙ্গে নিবিড়ভাবে জড়িত। আবহমানকাল হতে পানি আমাদের জীবনের সর্বক্ষেত্রে অপরিহার্য উপাদান হিসেবে পরিগণিত হয়ে আসছে। তাই টেকসই উন্নয়নের লক্ষ্যে পানিসম্পদকে দক্ষতার সঙ্গে ব্যবহার করে পরিবেশবান্ধব উন্নয়ন-পরিকল্পনা গ্রহণ করতে হবে।' পানির পরিকল্পিত ব্যবস্থাপনাই আমাদের জলবায়ু ও প্রকৃতির ভারসাম্য রক্ষা করাসহ জীববৈচিত্র্য রক্ষায় অগ্রণী ভূমিকা পালন করবে বলে আশা করে তিনি বলেন, 'বাংলাদেশের পানিসম্পদ ব্যবস্থাপনা ও উন্নয়নে পানিসম্পদ মন্ত্রণালয় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। জলবায়ু পরিবর্তনের অভিঘাত সহিষ্ণু বদ্বীপ গড়ে তোলার লক্ষ্যে আমাদের সরকার বাংলাদেশ বদ্বীপ পরিকল্পনা-২১০০ প্রণয়ন করেছে।'

তিনি বলেন, 'অভিযোজন ভিত্তিক কারিগরি এবং অর্থনৈতিক এ মহাপরিকল্পনায় জলবায়ু পরিবর্তন ও দুর্যোগঝুঁকি হ্রাস করে পানিসম্পদের সর্বোত্তম ব্যবস্থাপনা, ভূমি ব্যবহার এবং পরিবেশ-প্রতিবেশ উন্নয়নের অঞ্চল ভিত্তিক কর্মপন্থা নির্ধারণ করা হয়েছে। পানিসম্পদ ব্যবস্থাপনা ও পানি ব্যবহার শৃঙ্খলা প্রবর্তনের লক্ষ্যে এরই মধ্যে পানি আইন, জাতীয় পানিনীতি ও পানি বিধিমালা প্রণীত হয়েছে। পানিসম্পদ মন্ত্রণালয় নদী ব্যবস্থাপনা, বন্যা নিয়ন্ত্রণ, সেচ ও নিষ্কাশন, নদীতীর ভাঙন প্রতিরোধ ইত্যাদি বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করে আসছে।' এছাড়াও ডিজিটাল পদ্ধতিতে বন্যার পূর্বাভাস সম্বলিত প্লাবন মানচিত্র ও আগাম সতর্কবার্তা জনগণের দোরগোড়ায় পৌঁছে দেওয়াসহ বিভিন্ন প্রকল্প বাস্তবায়নে আধুনিক তথ্যপ্রযুক্তির ব্যবহার করা হচ্ছে যা স্মার্ট বাংলাদেশ বাস্তবায়নে অগ্রণী ভূমিকা পালন করবে বলে প্রধানমন্ত্রী আশা করেন। প্রধানমন্ত্রী পরিবেশবান্ধব ও টেকসই পরিকল্পনা গ্রহণ এবং বাস্তবায়নের মাধ্যমে ২০৪১ সালের মধ্যে উন্নত সমৃদ্ধ ও স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ করে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলাদেশ গড়তে সবাইকে সমন্বিতভাবে কাজ করার আহ্বান জানান। তিনি বিশ্ব পানি দিবস-২০২৪ উপলক্ষে গৃহীত সব কর্মসূচির সার্বিক সাফল্য কামনা করেন। (জাগো এফএম ওয়েব পেজ : ২২.০৩.২০২৪ প্রতীক)

## শান্তি-সম্প্রীতি স্থাপনের এক অনন্য হাতিয়ার পানি : পানি সম্পদ প্রতিমন্ত্রী

পানি সম্পদ প্রতিমন্ত্রী জাহিদ ফারুক বলেছেন, 'বিশ্বব্যাপী জলবায়ু পরিবর্তনের কারণে যেসব সংকট বাড়ছে তার অন্যতম সুপেয় ও ব্যবহারযোগ্য পানি। জলবায়ুর পরিবর্তন শুধুমাত্র প্রাকৃতিক কারণেই নয়, এর মধ্যে মানবসৃষ্ট কারণও রয়েছে। ব্যক্তি পর্যায় থেকে বৈশ্বিক পর্যায়ে শান্তি- সম্প্রীতি স্থাপনের এক অনন্য হাতিয়ার পানি। বৈশ্বিক-আঞ্চলিকভাবে ভূ-উপরস্থ ও ভূ-গর্ভস্থ পানির গুনগত মান বজায় রাখা, জলাধারের পানি প্রবাহ অটুট রাখা, পানির বিজ্ঞান ভিত্তিক ব্যবহার এবং পানির অপচয় রোধে সচেতনতার প্রসার করতে হবে।' শুক্রবার, ২২শে মার্চ রাজধানীর পানি ভবনের হলরুমে বিশ্ব পানি দিবস উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। 'শান্তির জন্য পানি' প্রতিপাদ্যের আলোকে দিবসের শুরুতে বর্নাঢ্য র‍্যালি পানি ভবন থেকে সার্ক ফোয়ারা প্রদক্ষিণ করে। সরকারের নির্বাচনি ইশতেহার বাস্তবায়নে পানি সম্পদ মন্ত্রণালয় অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে উল্লেখ্য করে প্রতিমন্ত্রী বলেন, 'স্মার্ট বাংলাদেশ, উন্নয়ন দৃশ্যমান, বাড়বে এবার কর্মসংস্থান' স্লোগানের আলোকে পানি খাতে কর্মপরিকল্পনা বাস্তবায়নে সকলকেই সচেষ্ট হতে হবে। আগামী দিনের জন্য বাসযোগ্য পরিবেশ নিশ্চিত করতে পানি সম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনা ও পানি সংবেদনশীল টেকসই উন্নয়নের কোনো বিকল্প নেই। প্রকল্প বাস্তবায়ন ও মনিটরিং ধাপে নাগরিককেন্দ্রিক, স্বচ্ছ, জবাবদিহিমূলক ব্যবস্থাপনা বজায় রাখাতে হবে। নদীর পানি প্রবাহ বজায় রাখা, ভূ-গর্ভস্থ পানির স্তর সংরক্ষণ, পানি দূষণ প্রতিরোধসহ সব ক্ষেত্রে কার্যক্রম অব্যহত রাখতে হবে।'

প্রতিমন্ত্রী বলেন, '২০৩০ সালের মধ্যে এসডিজি বাস্তবায়ন, জাতীয় উন্নয়নের সঙ্গে সংগতিপূর্ণভাবে ব-দ্বীপ পরিকল্পনার লক্ষ্য পূরণে সর্ব্বোচ্চ গুরুত্ব দিয়ে কাজ করতে হবে। পরিবেশের ভারসাম্য রক্ষায় ও আগামী প্রজন্মের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনা এই ডেল্টা প্ল্যান দিয়েছেন।' তিনি আরো বলেন, 'দেশে ভূগর্ভস্থ পানির মূল ব্যবহার খাবার পানি, পয়ঃনিষ্কাশন, সেচ কাজ এবং শিল্পক্ষেত্রে। ভূগর্ভস্থ পানির বহুমাত্রিক ব্যবহারের ফলে এর উপর আমাদের নির্ভরশীলতা বাড়ছে, সম্পদটি দ্রুত নিঃশেষ হচ্ছে। ফলে জনসাধারণের সুপেয় পানি প্রাপ্যতা ঝুঁকিপূর্ণ হয়ে উঠছে।: সেচের পানির সরবরাহ করার ক্ষেত্রে আধুনিক প্রযুক্তি-কৌশল খুঁজে বের করার জন্য পানি প্রকৌশলী, সেচ প্রকৌশলী, মৃত্তিকা

বিজ্ঞানীদের আহ্বান জানান প্রতিমন্ত্রী জাহিদ। অবৈধ বালি উত্তোলনের বিষয়ে প্রতিরোধ গড়ে তোলা, বাঁধের উপর অবৈধ স্থাপনার ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ, ব্যয়বহুল স্থায়ী প্রতিরক্ষা বাঁধ রক্ষা করার ক্ষেত্রে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করার নির্দেশ দেন তিনি। অনুষ্ঠানে পানি সম্পদ মন্ত্রণালয়ের সচিব নাজমুল আহসানের সভাপতিত্বে স্বাগত বক্তব্য করেন বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, বাপাউবো-এর মহাপরিচালক মুহাম্মদ আমিরুল হক ভূঞা। আলোচনা করেন পানি সম্পদ পরিকল্পনা সংস্থার মহাপরিচালক মোঃ রেজাউল মাকছুদ জাহেদী ও সেন্টার ফর এনভায়রনমেন্টাল এ্যান্ড জিওগ্রাফিক ইনফরমেশন সার্ভিসেস, সিইজিআইএস-এর নির্বাহী পরিচালক মালিক ফিদা আবদুল্লাহ খান। দিবসের প্রতিপদ্যের ওপর আলোচনা করেন ইনস্টিটিউট অব ওয়াটার মডেলিং এর নির্বাহী পরিচালক মোঃ জহিরুল হক খান। (জাগো এফএম ওয়েব পেজ : ২২.০৩.২০২৪ প্রতীক)

## ভারতের সঙ্গে সম্পর্ক নষ্টের চেষ্টা বিএনপির পাগলামি : সেতুমন্ত্রী

প্রতিবেশী রাষ্ট্র ভারতের সঙ্গে সম্পর্ক নষ্টের চেষ্টাকে বিএনপির পাগলামি আর অবাস্তব কর্মকাণ্ড বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। শুক্রবার, ২২শে মার্চ রাজধানীর ধানমন্ডিতে আওয়ামী লীগ সভাপতির রাজনৈতিক কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে তিনি এ মন্তব্য করেন। ওবায়দুল কাদের বলেন, বিএনপি কতটা দেউলিয়া আর বেপরোয়া হলে প্রতিবেশী রাষ্ট্র ভারতকে বর্জন করে সম্পর্ক নষ্ট করার অপচেষ্টা করছে। বঙ্গবন্ধু হত্যার পর ভারতের সঙ্গে বৈরিতার কারণে এদেশেরই বেশি ক্ষতি হয়েছে। একটা রাজনৈতিক দল কতটা দেউলিয়া হলে, কতটা অবিবেচক হলে প্রতিবেশী রাষ্ট্রকে বয়কটের মতো কথা বলতে পারে। এটা পাগলামি আর অবাস্তব কর্মকাণ্ড ছাড়া কিছু নয়।' তিনি বলেন, 'যারা ভারতীয় পণ্য বয়কট করবে, বাংলাদেশের মানুষ তাদের বয়কট করবে। জাতীয় স্বার্থেই ভারতের সঙ্গে এদেশের সম্পর্ক বন্ধুত্বপূর্ণ। প্রতিবেশী দেশের সঙ্গে আলাপ-আলোচনার মাধ্যমে, সম্পর্ক তৈরির মাধ্যমে সুবিধা আদায় করা সম্ভব।' ওবায়দুল কাদের দাবি করেন, 'নির্বাচনে না আসার ভুলের খেসারত দিতে গিয়ে উদোর পিন্ডি বুধোর ঘাড়ে চাপাচ্ছে বিএনপি। মির্জা ফখরুল-সহ বিএনপির প্রায় সব নেতাই জেল থেকে বেরিয়েছে। তারপরও তাদের বিবৃতির শেষ নেই।' তবে বিএনপির এমন আচরণেও ভারতের সঙ্গে বাংলাদেশের সম্পর্কের কোনো ঘাটতি হবে না বলে দাবি করেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক। তিনি বলেন, 'বিএনপির আন্দোলনের জবাব আওয়ামী লীগ ঠান্ডা মাথায় দিয়েছে। হাঁটুভাঙা, কোমরভাঙ্গা দল নিয়ে আওয়ামী লীগের কোনো ভাবনা নেই।' (জাগো এফএম ওয়েব পেজ : ২২.০৩.২০২৪ প্রতীক)

## অনেক কিছু রেকর্ড আছে ফাঁস করে দেবো : বিএনপিকে পররাষ্ট্রমন্ত্রী

বিএনপি নেতাদের উদ্দেশ্যে পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন, 'বিএনপির দুই-একজন ঘনঘন প্রেস কনফারেন্স করছে। তারা নির্বাচনের আগে সরকারের সঙ্গে লাইন দিয়েছিল। বেশি কথা বললে অনেক কিছু রেকর্ড আছে, সেগুলো ফাঁস করে দেবো।' শুক্রবার, ২২শে মার্চ দুপুরে জাতীয় প্রেস ক্লাবে বাংলাদেশ স্বাধীনতা পরিষদ কেন্দ্রীয় কমিটির আয়োজনে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪তম জন্মবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ হুঁশিয়ারী দেন তিনি। পররাষ্ট্রমন্ত্রী বলেন, 'এখন মিডিয়ার সামনে এসে নানা কথা বলা শুরু করেছে। বেশি কথা বললে অনেক কিছু রেকর্ড আছে, সেগুলো ফাঁস করে দেবো। সুতরাং আমরা চিনি জানি কতজন লাইন দিয়েছিল সে তালিকাও আমাদের কাছে আছে।' মন্ত্রী বলেন, 'বিএনপি নেতারা এখন সুন্দর সুন্দর কথা বলে, তারা আবার রাজনীতিতে সক্রিয় হওয়ার চেষ্টা করে। আসলে এরা সবাই রাজনীতির কাক। ক্ষমতার উচ্ছিষ্ট বিলিয়ে কাকদের সন্নিবেশ ঘটিয়ে জিয়াউর রহমান বিএনপি গঠন করেছিল। রাজনীতির কাকরা যেখানেই ক্ষমতার উচ্ছিষ্ট পায় সেখানেই ছুটে যেতে চায়। এই রাজনীতির কাকরা ক্ষমতার উচ্ছিষ্ট ঠিক মতো পাই নাই বলেই তো লাইন দেওয়ার পরেও তারা ভিন্ন লাইনে কথা বলা শুরু করেছে। আমরা সবাইকে চিনি-জানি, সবার গোমর আমাদের কাছে জমা আছে।' ড.মোহাম্মদ ইউনূস প্রসঙ্গে পররাষ্ট্রমন্ত্রী বলেন, 'আমি ড. মোহাম্মদ ইউনূস সাহেবের প্রতি যথাযথ সম্মান রেখেই বলতে চাই যে, তিনি একজন জ্যেষ্ঠ নাগরিক। তার প্রতি আমার সম্মান এবং শ্রদ্ধা দুটি রেখেই বলতে চাই, দেশে যখন বন্যা হয় তখন তাকে দেখা যায় না। দেশে যখন মানুষ পুড়িয়ে হত্যা করা হয় তখন কোনো বক্তব্য শোনা যায় না। দেশে যখন কোনো দুর্যোগ হয় তখন তিনি বিদেশে ব্যস্ত থাকেন পুরস্কার নেওয়ার জন্য। আপনারা জানেন তিনি কিছুদিন আগে আদালত কর্তৃক শাস্তিপ্রাপ্ত-সাজাপ্রাপ্ত হয়েছেন। এর মধ্যে দেখলাম তিনি বাকু সম্মেলনে যেয়ে পুরস্কার গ্রহণ করেছেন। পৃথিবীতে যত ধরনের পুরস্কার আছে সব জায়গায় তার লবিস্ট ফার্ম যোগাযোগ করে এখান থেকে পুরস্কার আনে। আমার প্রশ্ন হচ্ছে, যাকে দেশের কোনো কাজে কোনো সময় পাওয়া যায় না। তাকে যদি কেউ পুরস্কার দিয়ে বেড়ায় সেটি অত্যন্ত হাস্যকর।'

মন্ত্রী বলেন, 'এই ধরনের আরো কিছু ব্যক্তি বিশেষ আছে যারা দেশকে পিছিয়ে দিতে চায়, তাদের সঙ্গে যোগাযোগ করে দেশকে খারাপ ভাবে বিদেশীদের সামনে উপস্থাপন করেন। বিএনপি এবং জামায়াত মিলে নির্বাচনকে ভণ্ডুল করার চেষ্টা করেছিল। কিন্তু সেই অপচেষ্টা ভেসতে গেছে। দেশে অত্যন্ত সুন্দর, অবাধ, নিরপেক্ষ, শান্তিপূর্ণ, আন্তর্জাতিক মানের উৎসবমুখর পরিবেশে নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। সেই কারণে পৃথিবীর ৮০টা দেশের রাষ্ট্রপ্রধান, সরকার প্রধান প্রধানমন্ত্রীকে অভিনন্দন জানিয়েছেন। বঙ্গবন্ধু সম্পর্কে মন্ত্রী বলেন, 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আমাদের সমস্ত প্রেরণার উৎস। আজকে জননেত্রী শেখ হাসিনার দেশ পরিচালনার সমস্ত প্রেরণার উৎস বঙ্গবন্ধু শেখ মুজিবুর

রহমান। বঙ্গবন্ধুর বিরুদ্ধাচারিরা,দেশের বিরুদ্ধাচারিরা যেমন রাজনীতিতে পরাস্থ হয়ে ষড়যন্ত্র করেছিল তেমনি আজকেও জননেত্রী শেখ হাসিনার কাছে বাংলাদেশের বিরুদ্ধেচারিরা, জননেত্রী শেখ হাসিনার প্রতিপক্ষ রাজনৈতিক কৌশলের কাছে পরাজিত হয়েছে। সেই কারণে তারা নানা ষড়যন্ত্র করছে। ষড়যন্ত্রকারীরা থেমে নেই। আমি মুক্তিযুদ্ধের সব স্বপক্ষের শক্তিকে আহ্বান জানাবো এই ষড়যন্ত্রকারীদের বিরুদ্ধে ঐক্যবদ্ধ হওয়ার জন্য।'
(জাগো এফএম ওয়েব পেজ : ২২.০৩.২০২৪ প্রতীক)

## লাগামহীন দ্রব্যমূল্যে চোখে অন্ধকার দেখছে মানুষ : মির্জা ফখরুল

লাগামহীন দ্রব্যমূল্যে মানুষ চোখে অন্ধকার দেখছে বলে মন্তব্য করেছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেন, 'নিত্যপণ্যের অস্বাভাবিক মূল্যবৃদ্ধিতে জনজীবনে নেমে এসেছে দুর্বিষহ সংকট। ক্ষমতাসীনদের দৌরাত্ম্য এবং দাপটে মানুষ চরম উৎকণ্ঠার মধ্যে দিন কাটাচ্ছে। তাই সব অপকর্মকে আড়াল করতেই ডামি সরকার নতুন করে জুলুমের মাত্রা বাড়িয়েছে।' শুক্রবার এক বিবৃতিতে এসব কথা বলেন বিএনপি মহাসচিব। দলটির জাতীয় নির্বাহী কমিটির সদস্য ও শেরপুর জেলা বিএনপির সভাপতি মাহমুদুল হক রুবেল-সহ অন্যান্য নেতা-কর্মীদের জামিন বাতিল হওয়ায় উদ্বেগ প্রকাশ করে এ বিবৃতি দেন তিনি।

এতে মির্জা ফখরুল আরো বলেন, '৭ই জানুয়ারির আওয়ামী ডামি সরকার তাদের অনৈতিক ক্ষমতাকে পাকাপোক্ত করতে সারাদেশে বিরোধীদলের নেতা-কর্মীদের ওপর যে জুলুম চালাচ্ছে, এর আরো একটি কু-নজীর স্থাপিত হলো মাহমুদুল হক রুবেলসহ ২২ নেতা-কর্মীর জামিন না'মঞ্জুর হওয়ার মধ্যদিয়ে।' তিনি বলেন, 'অপরাধ না করেও মিথ্যা মামলায় আসামি হওয়া এখন নিয়মে পরিণত হয়েছে। আইনের শাসনহীন এই দেশে নিরপরাধ মানুষরাই সরকারি নিপীড়নের শিকার। তবে এই শ্বাসরুদ্ধকর পরিস্থিতির অবসান ঘটাতে জনগণ ঐক্যবদ্ধভাবে আন্দোলন-সংগ্রামে ঝাঁপিয়ে পড়তে দৃঢ়প্রতিজ্ঞ।' (জাগো এফএম ওয়েব পেজ : ২২.০৩.২০২৪ প্রতীক)

## নদ-নদী ও খাল-বিল সুরক্ষায় ডিজিটাল ডাটাবেজ প্রণয়নের দাবি

ডিজিটাল ডাটাবেজ তৈরির মাধ্যমে নদী ও জলাশয়ের প্রকৃতিগত ভৌগোলিক অবস্থান নির্ণয় করে তা রক্ষার জন্য বিশেষ নির্দেশনা সরকারিভাবে ঘোষণা করতে হবে। এছাড়া নদী দখল এবং নদীর বালু নিয়ে যে বাণিজ্য শুরু হয়েছে তা সরকারকে কঠোর হস্তক্ষেপে দমন করতে হবে। একই সঙ্গে ব্রহ্মপুত্র নদ খননে দুর্নীতির যে চিত্র উঠে এসেছে তার সঠিক তদন্ত করতে হবে। শুক্রবার বিশ্ব পানি দিবস উপলক্ষে বাংলাদেশ সাধারণ নাগরিক সমাজ এসব দাবি তুলে ধরে। জাতীয় প্রেস ক্লাবের সামনে দুপুরে এ বিষয়ে আলোচনা সভা ও ইফতার বিতরণ কর্মসূচি হয়। এসময় উপস্থিত ছিলেন নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সাবেক প্রতিষ্ঠাকালীন চেয়ারম্যান মোস্তাক হাসান মোহাম্মদ ইফতেখার, জলাধার রক্ষা আন্দোলনের সভাপতি ইবনুল সাঈদ রানা, অ্যাডভোকেট আবু বকর সিদ্দিক, অ্যাডভোকেট বিল্লাল হোসেন, রাজনৈতিক ব্যক্তি, সমাজকর্মী এবং বিভিন্ন শ্রেণিপেশার মানুষ। এতে সভাপতিত্ব করেন সংগঠনের আহ্বায়ক ও মুঠোফোন গ্রাহক অ্যাসোসিয়েশনের সভাপতি মহিউদ্দিন আহমেদ।

বক্তারা বলেন, 'অন্যান্য দেশের পানি সংকটের মতো আমাদের দেশেও পানির সংকট এখনই লক্ষ্মীভূত হচ্ছে। দেশের উপকূলীয় এলাকায় একটি পরিবারকে প্রায় দুই ঘণ্টা হেটে পানি সংগ্রহ করতে হয়। চট্টগ্রাম ওয়াসার পানি লবণাক্ত হয়ে পড়েছে, ঢাকায় চারপাশের সব নদী আজ দূষিত। ঢাকা ওয়াসা যে শীতলক্ষ্যা নদী থেকে পানি সংগ্রহ করে সেই পানিও অত্যন্ত দূষিত। ফলে এই পানি দূষণমুক্ত করতে ওয়াসার উৎপাদন খরচ বাড়াতে হচ্ছে। পদ্মার পানি এখনো পুরোপুরি দূষিত না হলেও সেই পদ্মার পানিও খুব দ্রুতই দূষিত হয়ে পড়বে। ফলে রাজধানীর দৈনিক প্রায় ২২৬ কোটি লিটার সুপেয় পানির চাহিদা পূরণ কষ্টসাধ্য হয়ে দাঁড়াবে। ফলে পানির সংকট দিন দিন বাড়তে থাকবে।' বক্তারা আরো বলেন, '২০৩০ সালে বিশ্বে পানির চাহিদা দাঁড়াবে বর্তমান চাহিদার চাইতে ৪০ শতাংশ বেশি। কিন্তু এই বিপুল পরিমাণ পানি কোথা থেকে আসবে, কীভাবে এই পানির চাহিদা পূরণ হবে তার সঠিক পরিকল্পনা এখনো নেওয়া হয়নি। বাংলাদেশ সরকার ২০৪১ সালের মধ্যে একটি উন্নত-সমৃদ্ধ স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্য নিয়ে কাজ করে যাচ্ছে। সবার জন্য সুপেয় পানি নিশ্চিত করার অঙ্গীকার ব্যক্ত করেছে যা এসডিজির অন্যতম লক্ষ্য।'

আলোচনা সভায় বলা হয়, জাতিসংঘের এক গবেষণায় উঠে এসেছে, ৭৪ শতাংশ পানি সংগ্রহের জন্য কাজ করেন নারীরা। ৬৩ শতাংশ মানুষকে সুপেয় পানি পেতে সমস্যার মুখোমুখি হতে হচ্ছে। দেশের এখনো ৭৫ শতাংশ মানুষ টিউবয়েলের ওপর নির্ভর। তার মধ্যে অনেক এলাকায় আর্সেনিক যুক্ত পানি এবং অনেক এলাকায় পানি উঠছে না সেই টিউবয়েলে। বর্তমান দেশের ৪১টি জেলায় আর্সেনিকের প্রভাব রয়েছে বলে সভায় জানানো হয়। এসময় বলা হয়, দেশের মাত্র ৩৪ শতাংশ মানুষ সুপেয় পানি পায়। (জাগো এফএম ওয়েব পেজ : ২২.০৩.২০২৪ প্রতীক)

## বাংলাদেশের সবচেয়ে বেশি ঋণ বিশ্বব্যাংক থেকে

স্বাধীনতার পর থেকে নানা উন্নয়ন কাজে বিশ্বব্যাংককে সব থেকে বেশি পাশে পেয়েছে বাংলাদেশ। তাদেরই অঙ্গভুক্ত প্রতিষ্ঠান আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা, আইডিএ বাংলাদেশকে কম সুদে ঋণ দিয়ে যাচ্ছে। আইডিএ-এর সবচেয়ে বড় গ্রাহক বাংলাদেশ। বর্তমানে বাংলাদেশের কাছে ১৮ দশমিক ১২৯ বিলিয়ন মার্কিন ডলার ঋণ পাবে আইডিএ। মোট বৈদেশিক ঋণের ৩৩ শতাংশ। যা সব থেকে বেশি। আইডিএ ঋণের সার্ভিস চার্জ শূন্য দশমিক ৭৫ শতাংশ এবং সুদহার ১ দশমিক ২৫ শতাংশ। দুটি মিলিয়ে ২ শতাংশ হয়। অউত্তোলিত অর্থায়ন স্থিতির ওপর বছরে শূন্য দশমিক ৫০

শতাংশ কমিটমেন্ট ফি দিতে হবে। ঋণের গ্রেস পিরিয়ড বা কিস্তি অব্যাহতি ৫ বছর। আর পরিশোধ করতে হবে ৩০ বছরে।

স্বাধীনতার পর এ পর্যন্ত বাংলাদেশ চার হাজার কোটি ডলারের বেশি আইডিএ ঋণ নিয়েছে। বর্তমানে দেশের চলমান প্রকল্পগুলোতে আইডিএ তহবিল রয়েছে ১ হাজার ৬০০ কোটি ডলারের বেশি। ইআরডি প্রকাশিত 'ডেবট লাইয়াবিলিটিস টু মেজর ডেভলপমেন্ট পার্টনার' থেকে জানা গেছে এসব তথ্য। বিশ্বব্যাংকের পরই বাংলাদেশের কাছে বেশি ঋণ পাবে এশীয় উন্নয়ন ব্যাংক, এডিবি, যা ১৩ দশমিক ২৭৭ বিলিয়ন মার্কিন ডলার। ঋণ দেওয়ার দিক থেকে তিন নম্বরে জাপান, ৯ দশমিক ২১৩ বিলিয়ন ঋণ দিয়েছে দেশটি। এছাড়া রাশিয়া ৫, চীন ৪ দশমিক ৭৬, ভারত ১ বিলিয়ন ডলার ঋণ দিয়েছে। দক্ষিণ কোরিয়া ৭৪৩ মিলিয়ন, ইসলামী উন্নয়ন ব্যাংক, আইডিবি ৬৬৪ বিলিয়ন ডলার ঋণ দিয়েছে। মোট ১০টি উন্নয়ন সহযোগী ৫৫ দশমিক ৬০ বিলিয়ন ডলার ঋণ পাবে বাংলাদেশের কাছ থেকে।

(জাগো এফএম ওয়েব পেজ : ২২.০৩.২০২৪ প্রতীক)

### আগুন লাগা ভবন যে কোনো সময় ভেঙে পড়তে পারে : ফায়ার সার্ভিস

রাজধানীর ডেমরায় কাপড়ের গুদামে আগুন লাগা ভবনটিকে ঝুঁকিপূর্ণ ঘোষণা করেছে ফায়ার সার্ভিস। ভবনটি যে কোনো সময় ভেঙে পড়তে পারে বলেও জানানো হয়েছে। শুক্রবার, ২২শে মার্চ সকাল সাড়ে ৬টার পর ঘটনাস্থলে ব্রিফিংয়ে সাংবাদিকদের এসব তথ্য জানান ফায়ার সার্ভিসের পরিচালক লেফটেন্যান্ট কর্নেল মোঃ রেজাউল করিম। তিনি বলেন, 'চারতলা ভবনের পুরোটাতেই খেলাধুলার সামগ্রী রয়েছে। ভবনটিতে স্টোরেজ নীতিমালা মানা হয়নি। এ কারণে আগুন নিয়ন্ত্রণে বেগ পেতে হচ্ছে। তবে ফায়ার সার্ভিস কর্মীদের চেষ্টায় আগুন আর নতুন করে ছড়ানোর সম্ভাবনা নেই।' ফায়ার সার্ভিসের এ কর্মকর্তা আরো বলেন, 'ওই ভবনে পানির রিজার্ভ ট্যাংক নেই, সিঁড়িও বেশ সংকীর্ণ। আশপাশে পানি না থাকায় ড্রেনের পানি দিয়ে আগুন নেভানোর চেষ্টা করা হয়। ঢাকা ওয়াসাও পানি দিচ্ছে। ভবনটির পূর্ব ও পশ্চিম দুপাশে লাগোয়া আরো ভবন থাকায় ভেতরে ঢুকতেও সমস্যা হচ্ছে।'

তিনি বলেন, 'ফায়ার সার্ভিসের কোনো ব্যর্থতা নেই। এ ভবনটি ঝুঁকিপূর্ণ। ভবনের কাঠামোগত শক্তি কমে গেছে। কয়েক জায়গায় ছাদ ফেটে গেছে। যে কোনো সময় ভেঙে পড়তে পারে।' রেজাউল করিম বলেন, 'পানির সোর্স না থাকায় সবচেয়ে বেশি বেগ পেতে হচ্ছে। তবে আগুন নিয়ন্ত্রণে আসতে সময় লাগতে পারে। পুরো ভবনে দাহ্য পদার্থ আছে, খেলাধুলার সামগ্রী বেশি। প্লাস্টিকের পরিমাণও অনেক। সব ফ্লোরেই আগুন আছে।' তবে এখন পর্যন্ত ভবন বা গুদামের মালিকপক্ষ থেকে কোনো যোগাযোগ করা হয়নি বলে জানিয়ে তিনি বলেন, 'আমরা মালিকদের খোঁজার চেষ্টা করছি।' বৃহস্পতিবার রাত ১১টা ৪৫মিনিটের দিকে ভবনের তিনতলায় গোডাউনে আগুন লাগে। চারতলা ভবনের তৃতীয় তলা থেকে আগুনের সূত্রপাত। খবর পেয়ে ডেমরা, পোস্তগোলা ও সিদ্দিক বাজার ফায়ার স্টেশনের পাঁচটি ইউনিট ঘটনাস্থলে যায়। পরে আরো পাঁচটি ইউনিটসহ মোট ১০ ইউনিট আগুন নিয়ন্ত্রণের কাজে যোগ দেয়। প্রাথমিকভাবে আগুনের ঘটনায় হতাহতের কোনো তথ্য পাওয়া যায়নি। (জাগো এফএম ওয়েব পেজ : ২২.০৩.২০২৪ প্রতীক)

### ধানমন্ডির সপ্তক স্কয়ারের আগুন নিয়ন্ত্রণে

রাজধানীর ধানমন্ডি ২৭ নম্বরের সপ্তক স্কয়ারে লাগা আগুন নিয়ন্ত্রণে এসেছে। আজ শুক্রবার বিকেল ৪টা ৪৪ মিনিটে আগুন নিয়ন্ত্রণে আসে। এর আগে শুক্রবার, ২২শে মার্চ বিকেলে অগ্নিকাণ্ডের খবর পায় ফায়ার সার্ভিস। পরে আগুন নিয়ন্ত্রণে ঘটনাস্থলে যায় ফায়ার সার্ভিসের দুটি ইউনিট। ফায়ার সার্ভিসের নিয়ন্ত্রণ কক্ষের ডিউটি অফিসার রোজিনা আক্তার বিষয়টি জাগো নিউজকে নিশ্চিত করেছেন। তিনি বলেন, 'ধানমন্ডি ২৭ নম্বরের সপ্তক স্কয়ারে আগুন লাগার খবরে ফায়ার সার্ভিসের দুটি ইউনিট ঘটনাস্থলে যায়।' তবে প্রাথমিকভাবে আগুনের সূত্রপাত এবং হতাহতের কোনো খবর জানাতে পারেননি ফায়ার সার্ভিসের এই কর্মকর্তা। (জাগো এফএম ওয়েব পেজ : ২২.০৩.২০২৪ প্রতীক)

### দেশে আরো ৪২ জনের করোনা শনাক্ত

দেশে গত ২৪ ঘণ্টায় আরো ৪২ জনের শরীরে করোনার জীবাণু শনাক্ত হয়েছে। এ সময়ে দেশে করোনায় কারো মৃত্যুর তথ্য জানা যায়নি। তবে মহামারির শুরু থেকে এ পর্যন্ত দেশে করোনায় মৃত্যুর সংখ্যা দাঁড়িয়েছে ২৯ হাজার ৪৯৩ জনে। আর আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ২০ লাখ ৪৯ হাজার ৩২৯ জনে। শুক্রবার, ২২শে মার্চ স্বাস্থ্য অধিদফতর থেকে পাঠানো করোনা বিষয়ক নিয়মিত সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, সারাদেশে গত ২৪ ঘণ্টায় ৮৮৫টি পরীক্ষাগারে ৬৮৭ টি নমুনা পরীক্ষায় ৪২ জনের করোনা শনাক্ত হয়। তাদের মধ্যে ৪০ জনই ঢাকার রোগী। এছাড়া বাকি দুইজন চট্টগ্রামের। পরীক্ষার বিপরীতে শনাক্তের হার ৬ দশমিক শূন্য ১১ শতাংশ। মহামারির শুরু থেকে এ পর্যন্ত মোট শনাক্তের হার ১৩ দশমিক শূন্য ৭ শতাংশ। গত ২৪ ঘণ্টায় করোনা আক্রান্তদের মধ্যে থেকে সেরে উঠেছেন ৩৭ জন। এ নিয়ে মোট সুস্থ রোগীর সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ২০ লাখ ১৬ হাজার ৫৫৫ জনে। সুস্থতার হার ৯৮ দশমিক ৪০ শতাংশ। (জাগো এফএম ওয়েব পেজ : ২২.০৩.২০২৪ প্রতীক)

## BBC

### IDAHO WHITE SUPREMACIST & ACCOMPLICE CAPTURED AFTER PRISON BREAK

Fugitive inmate Skylar Meade, 31, and alleged accomplice Nicholas Umphenour were caught in the city of Twin Falls. Three officers were injured when Umphenour, 28, allegedly

ambushed guards while they took Meade back to prison from a hospital. Police say both men are members of a prison gang - the Aryan Knights. They say it is unclear whether the escape was a "gang-sanctioned event". Officials said the pair are suspected to have been involved in two homicides while on the run since Wednesday. Idaho State Police Lt Col Sheldon Kelley said prison shackles were found at the scene of one of the killings. Both victims were males in rural northern Idaho. (BBC Web page : 22.03.2024 Ali Ahmed)

**ERIC TABARO NSHIMIYE: RWANDAN GENOCIDE SUSPECT ARRESTED IN OHIO**

Federal prosecutors accuse Eric Tabaro Nshimiye of concealing his involvement in the mass murders, including personally hacking people to death. Mr Nshimiye has lived in Ohio since 1995 after fraudulently gaining refugee status in the US, prosecutors say. He has previously denied participating in the genocide. He is due to appear in federal court in Boston at a later date. "[Mr] Nshimiye is accused of lying to conceal his participation in one of the greatest human tragedies of all time," Homeland Security Investigations Special Agent Michael Krol said in a statement. "The government alleges his testimony in the defence of a convicted genocidaire was a calculated attempt to conceal the horrific crimes committed during the genocide." (BBC Web page : 22.03.2024 Ali Ahmed)

**RUSSIA UKRAINE WAR: FLEEING EMBATTLED BORDER VILLAGES**

Then a police team arrived and evacuated the 87-year-old anyway, with explosions all around. In recent days, other elderly and frail residents have been carried out on blankets across a bridge already damaged by air strikes. As Vladimir Putin celebrates securing another six years in the Kremlin, and vows to continue his full-scale war on Ukraine, attacks across the border have sharply escalated. Volodymyr Zelensky says nearly 200 bombs have been dropped on the Sumy region in north-eastern Ukraine this month alone.
(BBC Web page : 22.03.2024 Ali Ahmed)

**GAZAN GIRL BEGS RESCUERS TO SAVE BROTHER FIRST AS FAMILY KILLED**

"I'm Alma." "Don't help me first. Help my mum and dad. And please help my brother Tarazan. He's a baby, 18 months old." It's morning on 2 December 2023, and 12-year old Alma Jaroor has been buried under the rubble of a five-storey building in downtown Gaza City for over three hours. "I want to see my brothers and sister," she shouts. "I have missed them." But the rescuer reaches Alma first, and she clambers out - unaided - from between jagged slabs of concrete and twisted metal bars. She is coated in dust but has no major injuries. They ask where her family is. She points to the rubble on her right and left.
(BBC Web page : 22.03.2024 Ali Ahmed)

**ARVIND KEJRIWAL: THE MAVERICK LEADER WHO TOOK ON INDIA'S MODI**

Months earlier, in November, Mr Kejriwal's Aam Aadmi Party (AAP) had run a door to door campaign, asking residents of India's capital whether he should resign or run his government from jail. Mr Kejriwal and other party seniors face corruption accusations under investigation by India's powerful federal financial crime agency, the Enforcement Directorate (ED) He is the third AAP leader to be arrested over a case related to a now-scrapped liquor policy in Delhi. This policy involved the government relinquishing control of the liquor market to private vendors. Mr Kejriwal has denounced the investigation, arguing that the ED had failed to frame "specific" charges against him and called the summons "generic" and "illegal".
(BBC Web page : 22.03.2024 Ali Ahmed)

**M KAINERUGABA: UGANDAN PRESIDENT PROMOTES HIS SON TO MILITARY CHIEF**

The 49-year-old's promotion comes amid a major cabinet reshuffle in which five ministers were sacked. In power since 1986, Mr Museveni has denied speculation that he is grooming his only son as his successor. Gen Kainerugaba is a controversial figure, becoming increasingly involved in the political arena, in breach of military protocols. In 2022 his father sacked him as commander of the army's land forces after he made threats on Twitter, now known as X, to invade neighbouring Kenya. President Museveni also issued an apology to Kenya's leader and asked Kenyans for "forgiveness" on behalf of his son.
(BBC Web page : 22.03.2024 Ali Ahmed)

**ALASKAN AIRLINES FLIGHT 1282: FBI PROBES MID-AIR BLOWOUT ON JANUARY**

A criminal probe was confirmed by the FBI in a letter sent to those aboard the plane, identifying them as "victims". None of the 177 passengers and crew were killed, but some were injured. A group has since sued Alaska Airlines for "serious emotional distress, fear and anxiety". The FBI letters, sent to passengers on 19 March by a victim specialist within

the FBI's Seattle Division, said that the criminal investigation may be "lengthy". They added that updates on the probe's progress could not be shared at this time. The letters confirm early media reports that the Department of Justice (DOJ) had launched a criminal investigation into the Boeing jetliner blowout, which occurred on a 5 January flight from Portland, Oregon to Ontario, California. (BBC Web page : 22.03.2024 Ali Ahmed)

**AT LEAST 65 MIGRANT BODIES FOUND IN LIBYA MASS GRAVE, SAYS UN**

The IOM said the circumstances of their deaths and their nationalities are still unknown, but they believe they died being smuggled through the desert towards the Mediterranean. The organization, part of the United Nations, said it was "profoundly shocked" by the discovery. Libya is investigating, the IOM said. The grave was found in south-west Libya, it said. An IOM spokesperson said: "Each report of a missing migrant or a loss of life represents a grieving family searching for answers about their loved ones or acknowledging the tragedy of the loss. (BBC Web page : 22.03.2024 Ali Ahmed)

**FIVE DEAD AND A MILLION WITHOUT POWER AFTER WAVE OF RUSSIAN STRIKES**

There is no electricity in the second-largest city of Kharkiv, the regional head says, and more than 53,000 households in Odesa are without power. Ukraine's energy minister, German Galushchenko, accused Russia of trying to provoke "a large-scale failure of the country's energy system". Russia said it was revenge for recent Ukrainian attacks on Russian territory. At least five people have been reported killed and 14 wounded. President Volodymyr Zelensky said the latest wave of attacks showed that Western allies must give more military aid to Ukraine, including additional air defence systems. "There are no delays in Russian missiles like there are in assistance to our country," he wrote on Telegram. Some 90 missiles and 60 Shahed drones were launched into Ukraine during the wave of overnight attacks, he said. (BBC Web page : 22.03.2024 Ali Ahmed)

**::The End::**